
দ্বিজেন্দ্রলালের হাসির গান

॥ স্বরলিপি ॥



দিলীপকুমার রায়

দ্বিজেন্দ্রলালের

হাসির গান

॥ স্বরলিপি ॥

শ্রীদিলীপকুমার রায়

সুরসুধাকর

জেনারেল প্রিন্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স প্রাইভেট লিমিটেড
১১৯, ধর্মতলা স্ট্রীট : কলিকাতা-১৩

প্রকাশক—শ্রীসুরজিৎচন্দ্র দাস, জেনারেল প্রিণ্টার্স
য়্যাণ্ড পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
১১৯, ধর্মতলা স্ট্রীট, কলিকাতা-১৩

নব সংস্করণ
বৈশাখ, ১৩৭৩

॥ মূল্য তিন টাকা ॥

জেনারেল প্রিণ্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স প্রাইভেট লিমিটেডের
মুদ্রণ বিভাগে [অবিনাশ প্রেস—১১৯, ধর্মতলা স্ট্রীট,
কলিকাতা-১৩] শ্রীসুরজিৎচন্দ্র দাস, কর্তৃক মুদ্রিত।

উৎসর্গ

শ্রীনলিনীকান্ত সরকার

সহজরসিকেষু,

পান নি "হাসির গানের রাজা" মন্ত্রী বেশি বাংলাদেশে
পারেন যাঁরা রসের তুফান তুলতে গানে মধুর হেসে।
যে-কয়জনা "হাসির গানে" পারতেন আনন্দ দিতে
তাঁদের মধ্যমণি তোমায় চাই এ অর্ঘে আজ বরিতে।

ইতি—

হাস্যমুগ্ধ

নববর্ষ ১৩৭৩ দিলীপ

ভূ মি কা

পিতৃদেব দ্বিজেন্দ্রলালের হাসির গানের স্বরলিপির দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হ'ল বহুবর্ষ বাদে—ভাবুক রসিকের আনন্দ বর্ধন করতে।

শ্রীসুরজিৎচন্দ্র দাসের আগ্রহের জন্যেই এ-সংস্করণ নববর্ষে প্রকাশিত হ'ল। তাই তাঁকে ধন্যবাদ দিচ্ছি—আরো এইজন্যে যে স্বরলিপি ছাপানো নানা কারণে এ-যুগে দুরূহ হ'য়ে দাঁড়িয়েছে। একটি কারণ—এর প্রুফ দেখা কঠিন। এ-দুঃসাধ্য কাজটি স্নেহভাজন শ্রীমান শঙ্কর বন্দ্যোপাধ্যায় বহু শ্রমস্বীকার ক'রে সুসম্পন্ন করেছেন এজন্যে তাঁকে আশীর্বাদ।

আমি স্বরলিপি সরল সহজ করেছি নানা অনাবশ্যক চিহ্ন বাদ দিয়ে।

স্বরলিপির আলাদা ব্যাখ্যা দেওয়াও নিষ্প্রয়োজন। এযুগে আকার-মাত্রিক স্বরলিপি সবাই জানেন। ইতি

নববর্ষ ১৩৭৩ শ্রীদিলীপকুমার রায়

সূচীপত্র

তান্‌সান্‌-বিমাক্রদিত্য-সংবাদ

তাল—চতুর্মাত্রিক

হো—বিক্রমাদিত্য রাজার ছিল নব রত্ন ন' ভাই ;
আর, তান্‌সান্‌ ছিলেন মহা ওস্তাদ—এলেন তাঁহার সভায় ;
অ—অর্থাৎ আস্‌তেন নিশ্চয় তান্‌সান্‌ বিক্রমাদিত্যের 'কোর্টে'—
কিন্তু, দুঃখের বিষয় তখন তান্‌সান্‌ জন্মান্‌নিক মোটে।
(কোরাস্‌) তা ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি—মেও এঁও এঁও।
যাহোক্‌, এলেন তান্‌সান্‌ কলিকাতায় চ'ড়ে রেলের গাড়ী ;
আর, 'হুগলি' ব্রিজ পার হ'য়ে উঠ্‌লেন বিক্রমাদিত্যের বাড়ী ;
অ—অর্থাৎ উঠ্‌তেন নিশ্চয়, কিন্তু 'রেল পুল' তখন হয় নি ;
আর, বিক্রমাদিত্যের ছিল অন্য রাজধানী—উজ্জয়িনী।
(কোরাস্‌) তা ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি,—মেও এঁও এঁও।
যাহোক্‌, এলেন তান্‌সান্‌ রাজার কাছে দেখাতে ওস্তাদি ;
আর, নিয়ে এলেন নানা বাদ্য—'পিয়ানো' ইত্যাদি ;—
অ—অর্থাৎ আন্‌তেন নিশ্চয়, কিন্তু হ'ল হঠাৎ দৃষ্টি,
যে হয়নিক তান্‌সানের সময় 'পিয়ানো'রও সৃষ্টি।
(কোরাস) তা ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি,—মেও এঁও এঁও।
যাহোক, তান্‌সান্‌ গাইলেন এমন মল্লার, রাজা গেলেন ভিজে ;
আর, গাইলেন এমন দীপক, তান্‌সান্‌ জ্বলে উঠ্‌লেন নিজে ;
অ—অর্থাৎ যেতেন রাজা ভিজে তান্‌সান্‌ উঠ্‌তেন জ্ব'লে ;
কিন্তু, রাজার ছিল 'ওয়াটারপ্রুফ্‌', আর তান্‌সান্‌ এলেন চ'লে।
(কোরাস্‌) তা ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি—মেও এঁও এঁও।
হ'ল, সেই দিন থেকে প্রসিদ্ধ তান্‌সানের গীতি বাদ্য ;
আর, আজও রোজ রোজ অনেক ওস্তাদ করেন তাঁহার শ্রাদ্ধ ;
অর্থাৎ, তাঁর গানের শ্রাদ্ধ—তাঁর ত হ'য়ে গেছে কবে ?
আর, তান্‌সান্‌ মুসলমান, তাঁর শ্রাদ্ধ কেমন ক'রে হবে ?
(কোরাস্‌) তা ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি ধিন্‌তাকি,—মেও এঁও এঁও।

সা I সা রা সা রা | সা রা সা রা I গা পা গা রা | মা গা ।
হো বিক্র মা দি ত্য রা জার্ ছি ল ন ব র ত্ন ন ভাই -
যাহোক্ এ লেন্ তান্ সান্ ক লি কা তায়্ চ ড়ে রে লের্ গা ড়ী -
যাহোক্ এ লেন্ তান্ সান্ রা জার্ কা ছে দে খা তে ও স্তা দী -
যাহোক্ তান্ সান্ গাই লেন্ এ মন্ ম ল্লার্ রা জা গে লেন্ ভি জে -
হ'ল সেই দিন্ থে কে প্র সি দ্ধ তান্ সা নের্ গী তি বা দ্য -

গা I গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা রা -া
আর্ তান্ সান্ ছি লেন্ ম হা ও স্তাদ্ এ লেন্ তাঁ হার্ স ভায়্ -
আর্ হুগ্ লী ব্রিজ্ পার্ হ য়ে উঠ্ লেন্ বিক্র মা দি ত্যের্ বা ড়ী -
আর্ নি য়ে এ লেন্ না না বা দ্য পি য়া নো ই ত্যা দি -
আর্ গাই লেন্ এ মন্ দী পক্ তান্ সান্ জ্ব লে উঠ্ লেন নি জে -
আর্ আজ্ ও রোজ্ রোজ্ অ নেক্ ও স্তাদ ক রেন্ তাঁ হার্ শ্রা দ্ধ -

সা I র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I না না ধা পা | ধা গা -া
অ অ র্থাৎ আস্ তেন্ নি শ্চয়্ তান্ সান্ বিক্র মা দি ত্যের্ কো র্টে -
অ অ র্থাৎ উঠ্ তেন্ নি শ্চয়্ কি ন্তু রেল পুল্ ত খন্ হয় নি -
অ অ র্থাৎ আন্ তেন্ নি শ্চয়্ কি ন্তু হো লো হ ঠাৎ দৃ ষ্টি -
অ অ র্থাৎ যে তেন্ রা জা ভি জে তান্ সান্ উঠ্ তেন জ্ব লে -
অ র্থাৎ তাঁর্ গা নের শ্রা দ্ধ তাঁর্ ত হ য়ে গে ছে ক বে -

গা I গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা রা -া II
কিন্তু দুঃ খের্ বি ষয়্ ত খন্ তান্ সান্ জ ন্মান্ নি কো মো টে -
আর্ বিক্র মা দি ত্যের্ ছি ল অ ন্য রাজ্ ধানী উ জ্জ য়ি নী -
যে হয়্ নি ক তান্ সা নের স ময়্ পি য়া নোর্ ও সৃ ষ্টি -
কিন্তু রা জার্ ছি ল ওয়া টার্ প্রুফ্ আর্ তান্ সান্ এ লেন্ চ লে -
আর্ তান্ সান্ মু সল্ মান্ তাঁর শ্রা দ্ধ কে মন্ ক রে হ বে -

কোরাস্

II র্সা I সা সসা সা সসা I সা সসা সা সসা I ধ্া সা ধ্া সা | ধ্া সা -া
তা ধিন্ তাকি ধিন্ তাকি ধিন্ তাকি ধিন্ তাকি মে ও এঁ ও এঁ ও -

ইরাণ দেশের কাজী

তাল—ত্রিমাত্রিক

আমরা ইরাণ দেশের কাজী।
আমরা এসেছি একটা নূতন আইন প্রচার কর্তে
আজি।
যে, যা বলিবে সবই ইমামকুল, হউক মিথ্যা
হউক ভুল ;—
তোমাদের হবে বলিতে তাতেই "বাহবা, বাহবা
বা জি !"
ইমাম সবাই সত্য-প্রিয়, পার্শী মিথ্যাবাদী ;
পার্শী ইমামে বিবাদ বাধিলে, পার্শীই অপরাধী।
পার্শী ঠেকিলে ইমাম গায়, মাথাটি বাঁচান
হইবে দায় ;—
পার্শীর শির কাটিয়া লইতে, হইতে হইবে রাজি।

আমরা সবাই দেখেছি ইমাম বিচার করিয়া সূক্ষ্ম—
ইমাম সবাই বুদ্ধিমান, আর পার্শী সবাই মূর্খ ;
পার্শীর তবে হইল রদ—ব্যতীত কুলী ও
কেরাণী পদ ;
হাকিম হকিম হইবে সবাই হোসেন হাসেন হাজী।
দাদাভাই হোক্ জিজিভাই হোক্ কারসেট্‌জী কি
মেটা—
আজ থেকে তবে ঠিক হ'য়ে গেল—সবাই সমান বেটা;
তবে, যে বেটা বলিবে, "হাঁ হাঁ তাহোক্", সে বেটা
কতক ভদ্রলোক ;
আর, যে বেটা বলিবে, "তা না না না না না",
সে বেটা বেজায় পাজী।

॥

II সা রা I গা গা - । | গা গা মা I রগা মা মা | - ।
আম্ রা ই রা ণ্ দে শে র্ কা - - জী -

মা মা I ধা ধা ধা | ধা - । ণধা I পা পা - । | র্সা - । - । I মা মা - । | মা -। পা I মা গা রা | -। II
আম্ রা এ সে ছি এ ক্ টা নূ ত ন্ আ ই ন্ প্র চা র্ ক - র্ত্তে আ - জি -

। রা I পা পা পা | পা পা-। I পা পা - । | পা-। - । I র্সা -। না | র্রা-। র্রা I পা -। -। | পা-।-। I
• যে যা ব লি বে স ব্ ই মা ম্ কু - ল্ হ উ ক্ মি - থ্যা হ উ ক্ ভু - ল্
- - পা - র্শী ঠে কি লে ই মা ম্ গা য়্ তার্ মা থা টি বাঁ চা নো হ ই বে দা - য়্
- - পা - র্শী র ত বে হ ই ল র - দ্ ব্য তী ত কু লি ও কে রা ণী প দ্
• তবে যে বে টা ব লি বে হাঁ হাঁ তা হো - ক্ সে বে টা ক ত ক্ ভ - দ্র লো - ক্

র্গা র্গা র্রা | -। র্রা র্রা I র্সা র্সা র্সা | পা পা -। I পা ধা পা | পা ধা পা I র্সা -। র্সা I -।
তো মা দে র্ হ বে ব লি তে তা তে ই বা হ বা বা হ বা বা - জি -
পা - র্শী র্ শি র্ কা টি য়া ল ই লে হ ই তে হ ই বে রা - জি -
হা কি ম্ হ কি ম্ হ ই বে স বা ই হো সে ন হা সে ন হা - জী -
যে বে টা ব লি বে তা না না না না না সে বে টা বে জা য়্ পা - জী -

সা সা -া | গা গা -া I পা -া পা | -া ধা পা I মা -া মা | মা -া মা I পা -া গা | -া -া -া I
ই মা ম্ স বা ই স - ত্য - প্রি য় পা - শী মি - থ্যা বা - দী - - -
আ ম্ রা স বা ই দে খে ছি ই মা ম্ বি চা র ক রি য়া সূ - ক্ষ্ম - - -
দা দা ভা ই হো ক্ জি জি ভা ই হো ক্ কা র্ সে ট্ জি কি মে - টা - - .

ধা -া ধা | ধা ধা ধা I র্সা র্সা -া | পা ধা পা I মা -া মা | -া মা মা I পা -া গা | -া -া -া I
পা - শী ই মা মে বি বা দ্ বা ধি লে পা - শী ই অ প রা - ধী - - -

ধা ধা -া | ধা ধা -া I র্সা -া পা | পা -া পা I মা -া মা | মা মা -া I পা -া গা | -া -া -া I
ই মা ম্ স বা ই বু - দ্ধি মা ন্ আর্ পা - শী স বা ই মূ - র্খ - - -
আ জ্ থে কে ত বে ঠি ক্ হ য়ে গে ল স বা ই স মা ন্ বে - টা - - -

---

জিজিয়া কর

তাল—পঞ্চমাত্রিক

পাঁচশ' বছর এম্‌নি ক'রে আসছি স'য়ে সমুদায় ;
এইটি কি আর সইবেনাক—দু'ঘা বেশী জুতোর ঘায় ?
সেটা নিয়ে মিছে ভাবা ; দিবি দু'ঘা, দেনা বাবা !
দু'ঘা বেশী, দু'ঘা কমে, এমনি কি আসে যায়।

তবে কিনা জুতোর গুঁতো হ'য়ে গেছে অনেকবার,
একটা কিছু নূতন রকম কর্লে হ'ত উপকার ;
ধর্‌না যেমন, বেটা ব'লে দিলি না হয়
কানটা ম'লে ;—
জুতোর খোঁটা খেয়ে ঘাঁটা প'ড়ে গেছে সকল গায়।
প'ড়ে আছি চরণতলায় নাকটি গুঁজে অনেক কাল ;
সইবে সবই, নইত মানুষ, আমরা সবাই
ভেড়ার পাল ;
যে যা করিস্ দেখিস্ চাচা, মোদের পৈত্রিক
প্রাণটা বাঁচা,
শাঁসটা খেয়ে আঁশটা ফেলে দিস্‌রে দু'টো দুবেলায়।

তোরাই রাজা তোরাই মুনিব, মোরা চাকর
মোরা পর,
মনে করিস্ চাচা এটা তোদের বাড়ী তোদের ঘর :
মোরা বেটা মোরা পাজি, যা বলিস্ তাই
আছি রাজি ;—
রাজার নন্দিনী প্যারি, যা বলিস্ তাই
শোভা পায়।

II দা দা পা মা -া | মা মা পা মপমা গমা I জ্ঞা রা জ্ঞা মা -া | জ্ঞা ঋা সা -া -া I
পাঁচ্ শো ব ছ র্ এম্ নি ক রে - আস্ ছি স য়ে - স মু দা - য়্

ণ্‌া ণ্‌া সা সা -া জ্ঞা জ্ঞা ঋা সা -া I দা দা পা মা মা | জ্ঞা মা জ্ঞঋা সণ্‌া সা II
এই টে কি আ র্‌ সই বে না ক - ডু ঘা - বে শী জু তোর্‌ ঘা - - য়্‌

ধা ধা ধা ধা ণা | ণা ণা ণধা র্সণা -া I ণর্সা ণর্সা ণা দপা মা | ণা দা পা মা -া I
সে টা নি য়ে - মি ছে ভা বা - দি বি ডু ঘা - দে না বা বা -
ধর্‌ না যে ম ন্‌ বে টা ব লে - দি লি না হ য়্‌ কান্‌ টা ম' লে -
যে যা ক রি স্‌ দে খিস্‌ চা চা - মো দের্‌ পৈ তৃ ক্‌ প্রাণ্‌ টা বাঁ চা -
মো রা বে টা - মো রা পা জি - যা ব লিস্‌ তা ই আ ছি রা জি -

ণ্‌া ণ্‌া সা সা -া | জ্ঞা জ্ঞা ঋা সা -া I সা মা জ্ঞা মা -া | জ্ঞা ঋা সা -া -া I
ত বে কি না - জু তোর্‌ গুঁ তো - হ য়ে গে ছে - অ নেক্‌ বা - র
প ড়ে আ ছি - চ রণ্‌ ত লা য়্‌ নাক্‌ টি গুঁ জে - অ নেক্‌ কা - ল্‌
তো রাই রা জা - তো রাই মু নি ব্‌ মো রা চা ক র্‌ মো রা প - র

ণ্‌া সা জ্ঞা মা -া | পা দা পা ণদা পদা I মক্ষা ক্ষা ক্ষা মা ক্ষা | জ্ঞমা ণক্ষা মা -া -া II
এক্‌ টা কি ছু - ন তুন র ক ম ক লে´ হ' ত - উ প কা - র
সই বে সব্‌ ই - নৈ ত মা নু ষ্‌ মো রা স বা ই ভে ড়ার্‌ পা - ল্‌
ম নে ক রি স্‌ চা চা এ টা - তো দের্‌ বা ড়ী - তো দের্‌ ঘ - র্‌

ণ্‌া সা জ্ঞা জ্ঞা -া | মা মা ণা ণা সণা I দা দা পা মা -া | জ্ঞা মা জ্ঞঋা সণ্‌া সা I
ডু ঘা বে শী - ডু ঘা ক মে - এ ম ন্‌ই কি - আ সে যা - য়্‌
জু তোর্‌ খোঁ টা - খে য়ে ঘাঁ টা - প ড়ে গে ছে - স কল্‌ গা - য়্‌
শাঁস্‌ টা খে য়ে - আঁশ্‌ টা ফে লে - দিস্‌ রে ডু টো - ডু বে লা - য়্‌
রা জা র ন - ন্দি নী প্যা রী - যা ব লিস্‌ তা ই শো ভা পা - য়্‌

খুস্‌রোজ

তাল—ত্রিমাত্রিক

আজি, এই শুভদিনে শুভক্ষণে উড়ায়ে দিই জয়-ধ্বজায়,
—উপাধি পেয়েছি যা, রাখ্‌তে তা ত হবে বজায় ;
—আমাদের ভক্তি যা এ—এযে গো মানের দায়ে ;
এখন তো উচিত কার্য এদিক ওদিক বুঝে চলাই ;
—সাধে কি বাবা বলি, গুঁতোর চোটে বাবা বলায়।

আজি, এই শুভ-রাত্রি, জ্বাল্‌বো বাতি ঘরে ঘরে ভক্তিভাবে ;
নৈলে যে চাকরি যাবে, নৈলে যে চাকরি যাবে।
—আমাদের ভক্তি যা এ—এযে গো পেটের দায়ে;
নিয়ে আয় চেরাক বাতি, নিয়ে আয় দিয়েশেলাই ;
—সাধে কি বাবা বলি, গুঁতোর চোটে বাবা বলায়।

"জয় জয়, বৃটিশ্ ব্যাঘ্র বৃটিশ্ ব্যাঘ্র," ব'লে জোরে ডঙ্কা বাজাই ;
পাহারা ফিছে দ্বারে, সেটা যেন ভুলে না যাই ;
—আমাদের ভক্তি যা এ—এযে গো প্রাণের দায়ে ;
কি জানি পিছন থেকে কখন ফাঁসি পড়ে গলায় ;
সাধে কি বাবা বলি, গুঁতোর চোটে বাবা বলায়।

আমরা সব "রাজভক্ত রাজভক্ত" ব'লে চেঁচাই উচ্চ রবে ;
কারণ সেটার যতই অভাব, ততই সেটা ব'ল্‌তে হবে ;
—আমাদের ভক্তি যা এ—মানের, পেটের, প্রাণের দায়ে ;
দেখে সে রক্ত আঁখি, ভক্তি যা তা ছুটে পলায় ;
সাধে কি বাবা বলি, গুঁতোর চোটে বাবা বলায়।

ভোলানাথ শুয়ে আছেন,—ঈশ্বর তাঁরে সুখে রাখুন;
কালী জিব মেলিয়ে আছেন, তা তিনি মেলিয়ে থাকুন ;
শ্রীকৃষ্ণ হ'য়ে বাঁকা, থাকুন তিনি পটেই আঁকা ;
আমরা সব নিয়েছি শরণ বৃটিশদেবের চরণতলায় ;
—সাধে কি বাবা বলি, গুঁতোর চোটে বাবা বলায়।

```
সা | সা সা -া I রা রা -া | রা রা -া I গা গা -া | গা গা -া I
আ  জি এ ই শু ভ - দি নে - শু ভ - ক্ষ ণে -
আ  জি এ ই শু ভ - রা তি - জ্বা ল্ বো বা তি -
জ  য়্ জ য়্ বৃ টি শ্ ব্যা - ঘ্র বৃ টি শ্ ব্যা - ঘ্র
আম্ রা স ব্ রা - জ ভ - ক্ত রা - জ ভ - ক্ত
```

```
হ্মা হ্মা -া | হ্মা হ্মা পা I গা হ্মপা -া | পা পা -া I -া |
উ ড়া - য়ে দি ই জ য় - ধ্ব জা - - য়্
ঘ রে - ঘ রে - ভ ক্তি - ভা বে - - -
ব' লে - জো রে - ড ঙ্কা - বা জা ই - -
ব' লে - চেঁ চা ই উ চ্চ - র বে - - -
```

সা | সা সা -া I রা রা -া | রা রা -া I গা -া গা | হ্মা হ্মা পা I গা গা হ্মপা | পা পা -া I -া -া
ভো লা না থ্ শু য়ে - আ ছে ন্ ঈ - শ্বর্ তাঁ রে - সু খে - রা খু ন্ - - -

পা | পা পা -া I ধা ধা -া | ধা ধা -া I -া -া রা | রা রা রা I রা রা -া | রা রা -া I -া -া
উ পা ধি - পে য়ে - ছি যা - - - রাখ্ তে তা ত হ বে - ব জা - - য়্
নৈ লে যে - চা ক্ রি যা বে - - - নৈ লে যে - চা ক্ রি যা বে - - -
পা হা রা - ফি - র্ছে দ্বা রে - - - সে টা যে ন ভু লে - না যা ই - -
কা রণ্ সে টার্ য ত ই অ ভা - - ব্ ত ত ই সে টা ব ল্ তে হ বে - -
কা লী জি ভ্ মে লি য়ে আ ছে - - ন্ তা তি নি - মে লি য়ে থা কু - - ন্

না | না না র্সা I ধা নর্সা র্সা | র্সা র্সা -া I -া -া র্সা | র্সা র্সা -া I ধা ধা র্রা I র্রা র্রা -া I -া -া
আ মা দে র্ ভ - ক্তি যা এ - - - সে যে গো - মা নে র্ দা য়ে - - -
আ মা দে র্ ভ - ক্তি যা এ - - - এ যে গো - পে টে র্ দা য়ে - - -
আ মা দে র্ ভ - ক্তি যা এ - - - এ যে গো - প্রা ণে র্ দা য়ে - - -

না | না না র্সা I ধা নর্সা র্সা | র্সা র্সা -া I পা পা ধা | পা পা -া I পা পা র্রা | র্রা র্রা -া I -া -া
আ মা দে র্ ভ - ক্তি যা এ - মা নে র্ প্রা ণে র্ পে টে র্ দা য়ে - - -
শ্রী কৃ ষ্ণ - হ' য়ে - বাঁ কা - থা কু ন্ তি নি ঐ প টে ই আঁ কা - - -

র্সা | র্সা র্সা -া I র্সা র্সা -া | ধা -া ধা I -া -া পা | পা গা গা I না না -া | ধা পা -া I -া -া
এ খন্ তো - উ চি ৎ কা - র্য - - এ দিক্ ও দিক্ বু ঝে - চ লা ই - -
নি য়ে আ য়্ চে রা ক্ বা তি - - - নি য়ে আ য়্ দি য়ে - শ লা ই - -
কি জা নি - পি ছ ন্ থে কে - - - ক খন্ ফাঁ সি প ড়ে - গ লা - - য়্
দে খে সে - র - ক্ত আঁ খি - - - ভ ক্তি যা তা ছু টে - প লা - - য়্
আম্ রা স ব্ নি য়ে ছি শ র - - ণ্ বৃ টিশ দে বের চ র ণ্ ত লা - - য়্

কোরাস্

র্সা | র্সা র্সা -া I পা পা ধা | পা পা -া I গা গা পা | গা গা -া I গা গা -া | রা সা -া I -া -া
সা ধে কি - বা বা - ব লি - গুঁ তো র্ চো টে - বা বা - ব লা য়্ - -

দশ অবতার

তাল—চতুর্মাত্রিক

ছিলেন মৎস্য অবতারে হরি, জলে বাস করি',
আর, কূর্ম অবতার পাঁকে পশিলেন হরি।
এলেন, বরাহাবতারে, উঠে জঙ্গল ভিতরে,
আর, নৃসিংহাবতারে হ'লেন বিকাশ অর্ধ নরে।
হ'লেন, বামনাবতারে নর—খাটো কিন্তু সত্য,
আর, পরশুরামেতে বীর্যে স্থাপেন রাজত্ব।

হ'লেন, রাম অবতারে হরি—প্রেমিক, ভক্ত, সৎ ;
আর, কৃষ্ণ অবতারে হরি রচেন 'ভাগবৎ'।
আর, বুদ্ধ অবতারে নিলেন যোগধর্ম শিখি',
আর, কল্কি অবতারে হরি রাখিলেন টিকী।
তবে, টিকী রাখি' কর সবে জীবন সফল,
আর, একবার টিকী নেড়ে "হরি হরি" বল।

সা I সা সা সা সা | সা গা রা সা I ন্া সা সা রা | রা রা -া
ছিলেন্ মৎ স্য অ ব তা রে হ রি জ লে বা সা ক রি' -
হ'লেন্ বা মন্ অ ব তা রে ন র্ খা টো কি ন্তু স ত্য -
আর্ বু দ্ধ অ ব তা রে নি লেন্ যো গ্ ধ র্ম শি খি -

সা I পা পা পা পা | হ্মা হ্মা গা রা I রা হ্মা গা হ্মগা | গা রা -া
আর্ কূ র্ম অ ব তা রে পাঁ কে প শি লে ন্ হ রি -
আর্ প র শু রা মে তে বী র্যে স্থা পে ন্ রা জ ত্ব -
আর্ ক ল্কি অ ব তা রে হ রি রা খি লে ন্ টি কী -

সা I সা সা সা সা | সা গা রা সা I ন্া সা সা রা | রা রা -া
এলেন্ ব রা হা ব তা রে উ ঠে জ ঙ্গ ল ভি ত রে -
হ'লেন্ রা ম্ অ ব তা রে হ রি প্রে মিক্ ভ ক্ত স - ৎ
তবে টি কী রা খি ক র স বে জী ব ন্ স ফ - ল্

সা I পা পা পা পা | হ্মা হ্মা গা রা I রা হ্মা গা হ্মগা | রা রা -া
আর্ নৃ সিং হা ব তা রে হ লেন্ বি কাশ্ অ র্ধ ন রে -
আর কৃ ষ্ণ অ ব তা রে হ রি র চেন্ ভা গ ব - ৎ
আর্ এ ক্ বা র টি কী নে ড়ে হ রি হ রি ব - ল্

কৃষ্ণ-রাধিকা-সংবাদ

তাল—চতুর্মাত্রিক

কৃষ্ণ বলে "আমার রাধে বদন তুলে চাও"
আর—রাধা বলে "কেন মিছে আমারে জ্বালাও—
মরি নিজের জ্বালায়।"

কৃষ্ণ বলে "রাধে দুটো প্রাণের কথা কই"
আর—রাধা বলে "এখন তাতে মোটেই রাজি নই—
সরো—ধোঁয়ায় মরি"।

কৃষ্ণ বলে "সবাই বলে আমার মোহন বেণু"
আর—রাধা বলে "ওহো—শুনে আমি ম'রে গেনু—
আমায় ধর ধর"!

কৃষ্ণ বলে "পীতধড়া বলে আমায় সবে"
আর—রাধা বলে "বটে! হ'ল মোক্ষলাভটি তবে—
থাক্ আর খাওয়া দাওয়া"।

কৃষ্ণ বলে "আমার রূপে ত্রিভুবনটি আলো"
আর—রাধা বলে "তবু যদি না হ'তে মিশ্ কালো—
রূপ ত ছাপিয়ে পড়ে"!

কৃষ্ণ বলে "আমার গুণে মুগ্ধ ব্রজবালা"
আর—রাধা বলে "ঘুম হচ্ছে না! এ ত ভারি জালা—
তাতে আমারি কি"!

কৃষ্ণ বলে "শুনি 'হরি' লোকে আমায় কয়"
আর—রাধা বলে "লোকের কথা কোরোনা প্রত্যয়—
লোকে কী না বলে"!

কৃষ্ণ বলে "রাধে তোমার কি রূপেরই ছটা"
আর—রাধা বলে "হাঁ হাঁ কৃষ্ণ, হাঁ হাঁ তা বটে—
সেটা সবাই বলে"।

কৃষ্ণ বলে "রাধে তোমার কিবা চারু কেশ"
আর—রাধা বলে "কৃষ্ণ তোমার পছন্দটা বেশ—
সেটা বল্‌তেই হবে"।

কৃষ্ণ বলে "রাধে তোমার দেহ স্বর্ণলতা—"
আর—রাধা বলে "কৃষ্ণ তোমার খাসা মিষ্টি কথা—
যেন সুধা ঝরে"।

কৃষ্ণ বলে "এমন বর্ণ দেখিনি ত কভু"
আর—রাধা বলে "হাঁ আজ সাবান মাখিনি ত তবু—
নইলে আরও শাদা"।

কৃষ্ণ বলে "তোমার কাছে রতি কোথায় লাগে"
আর—রাধা বলে "এসব কথা বল্লেই হ'ত আগে—
গোল ত মিটেই যেত"।

I সা সা সা সা | সা গা রা সরা I ন্‌া ন্‌া সা রা | রা -া -া
কৃ ষ্ণ ব লে আ মার্ রা ধে ব দন্ তু লে চা ও -
কৃ ষ্ণ ব লে রা ধে ড়ু টো প্রা ণের্ ক থা ক - ই
কৃ ষ্ণ ব লে স বাই ব লে আ মার্ মো হন্ বে ণু -
কৃ ষ্ণ ব লে পী ত ধ ড়া ব লে আ মায়্ স বে -
কৃ ষ্ণ ব লে আ মার্ রূ পে ত্রি ভু ব ন্ আ লো -
কৃ ষ্ণ ব লে আ মার্ গু ণে মু গ্ধ ব্র জ বা লা -
কৃ ষ্ণ ব লে শু নি হ রি লো কে আ মায়্ ক - য়্
কৃ ষ্ণ ব লে রা ধে তো মার্ কি রূ পের্ ই ছ টা -
কৃ ষ্ণ ব লে রা ধে তো মার্ কি বা চা রু কে - শ্
কৃ ষ্ণ ব লে রা ধে তো মার্ দে হ স্ব র্ণ ল তা -
কৃ ষ্ণ ব লে এ মন্ ব র্ণ দে খি নি ত ক ভু -
কৃ ষ্ণ ব লে তো মার্ কা ছে র তি কো থায়্ লা গে -

রা I পা পা পা পা | হ্মা হ্মা গা রা I রা হ্মা গহ্মা গা | রা -া রা গা I সা রা রা রা | রা রা -া -া
আর্ রা ধা ব লে কে ন মি ছে আ মা রে জ্বা লা ও ম রি নি জে র জ্বা লা য়্ - -
আর্ রা ধা ব লে এ খন্ তা তে মো টেই রা জি ন ই স রো ধোঁ য়ায়্ ম রি - - - -
আর্ রা ধা ব লে ও হো শু নে আ মি ম রে গে নু আ মায়্ ধ র ধ র - - - -
আর্ রা ধা ব লে ব টে হ ল মো ক্ষ লাভ্ টি ত বে থাক্ আর্ খাও য়া দাও য়া - - - -
আর্ রা ধা ব লে ত বু য দি না হ' তে মিশ্ কা লো রূপ ত ছা পিয়ে প ড়ে - - - -
আর্ রা ধা ব লে ঘুম্ হ' চ্ছে না এ ত ভা রি জ্বা লা তা তে আ মা রি কি - - - -
আর্ রা ধা ব লে লো কের্ ক থা কো রো না প্র ত্য য়্ লো কে কী না ব লে - - - -
আর্ রা ধা ব লে হাঁ হাঁ কৃ ষ্ণ হাঁ হাঁ তা তা ব টে সে টা স বাই ব লে - - - -
আর্ রা ধা ব লে কৃ ষ্ণ তো মার্ প ছ ন্দ টা বে শ্ সে টা বল্ তেই হ বে - - - -
আর্ রা ধা ব লে কৃ ষ্ণ তো মার্ খা সা মি ষ্টি ক থা যে ন সু ধা ঝ রে - - - -
আর্ রা ধা ব লে হাঁ আজ্ সা বান্ মা খি নি ত ত বু নই লে আ রো শা দা - - - -
আর্ রা ধা ব লে এ সব ক থা ব ল্লেই হ' ত আ গে গোল্ ত মি টেই যে ত - - - -

রা-ফর্ম্‌ড্‌ হিণ্ডুজ্‌

তাল—ত্রিমাত্রিক

যদি জান্‌তে চাও আমরা কে,
আমরা Reformed Hindoos.
আমাদের চেনে নাক যে,
Surely he is an awful goose;
কেন না, আমরা Reformed Hindoos.
It must be understood
যে একটু heterodox আমাদের food;
কারণ, চলে মাঝে মাঝে 'এ'টা, ও'টা, সে'টা' যখন
we choose,
—কিন্তু, সমাজে তা স্বীকার করি if you think,
তা'লে you are an awful goose.
আমাদের dress হবে English কি Greek
তা এখনো করতে পারিনি ঠিক;
আর ছেড়েছি টিকি, নইলে সাহেবেরা বলে সব
superstitious ও obtuse,
—কিন্তু টিকিতে electricity নেই if you think,
তা'লে you are an awful goose.

আমাদের ভাষা একটু quaint as you see,
এ নয় English কি Bengali,
করি English ও Bengaliর খিচুড়ি বানিয়ে
conversationএ use;
—কিন্তু একটিও ঠিক কইতে পারি if you think,
তা'লে you are an awful goose.
মোটা তাকিয়ায় দিয়া ঠেস
আমরা স্বাধীন করি দেশ—
আর friendsদের ভিতরে ইংরেজগুলোকে
করি খুব hate ও abuse;
—কিন্তু সাম্‌নে সেলাম না করি if you think,
তা'লে you are an awful goose.

আমরা পড়ি Hume, Mill, Spencer,
কোন ধর্মের ধারি না ধার;
করি hoot alike the Hindoos, the Buddhists,
the Mahomedans, Christians and Jews!—
—কিন্তু ফলার ভোজে হিঁদু নই if you think,
তা'লে you are an awful goose.

About female education
ও female emancipation,
আর infant marriage, আর widow re-
marriage আমাদের খুব enlightened
views;
—কিন্তু views মতে কাজ করি if you think,
তা'লে you are an awful goose.

You are not-far wrong if you think,
যে আমরা করি একটু বেশি drink,
কিন্তু considering our evolutionএর state,
আমাদের morals নয় খুব loose;
আর about morals, we care a hang if
you think,
তা'লে you are an awful goose.

From the above দেখ্‌তে পাচ্ছ বেশ,
যে আমরা neither fish nor flesh;
আমরা curious commodities, human
oddities, denominated Baboos;
আমরা বক্তৃতায় যুঝি ও কবিতায় কাঁদি, কিন্তু
কাজের সময় সব ঢুঁঢুঁs;
আমরা beautiful muddle, a queer
amalgam of শশধর, Huxley, and goose.

II ধ্‌া ধ্‌া I সা -া সা | সা সা সা I সা -া -া | -া ধ্‌া ধ্‌া I সা -া -া | সা -া সা I সা -া -া | -া
য দি জা - ন্তে চাও আম্‌ রা কে - - - আম্‌ রা রী - - ফ র্মড্‌ হি ণ্ডু - - জ

গা গা গা I পা -া পা | পা -া পা I পা -া -া | -া গা -া I পা পা পা | গপা -া পা I পা -া -া | -া
আ মা দের চে - নে না - ক যে - - - শিও লি হী ই জ্যান্‌ অ - ফুল্‌ গূ - - জ

ধ্‌া ধ্‌া I সা -া -া | সা সা সা I সা -া -া -া II
কেননা আম্‌রা রী - - ফ র্মড্‌ হি ণ্ডু - - জ

পা পা I র্সা -া র্সা | র্সা -া র্সা I -া -া -া | -া র্সা র্সা I না -া না I ধা -া ধা I পা -া -া | -া
ই ট্‌ মা ষ্ট্‌ বি আ ন্‌ ডার্‌ ষ্টু - - ড্‌ যেএক্‌ টু হেটে রো ডক্স্‌ আ মা দের ফু - - ড্‌
আমা দের ড্রেস্‌ হ বে ইং লিশ্‌ কি গ্রী - - ক্‌ তা এখনও ক র তে পা রি নি ঠি - - ক্‌
আমা দের ভাষা এক্‌ টু কোয়ে ণ্ট্যা জিউ সী - - - এ নয়্‌ ইং লিশ্‌ কি বে - ঙ্গ লী - - -
মো টা তা কি য়া য় দি য়া ঠে - - স্‌ আম্‌ রা স্বা - ধীন্‌ ক - রি দে - - শ্‌
আম্‌ রা প ড়ি হিউম্‌ মি ল্‌ স্পে ন্সা - - র্‌ কো ন ধ - র্মের ধা রি না ধা - - র্‌
অ্যা বাউট্‌ - ফী মেল্‌ এ ডিউ কে শা - - ন্‌ ও - ফি মে ল্‌এ ম্যা ন্সি পে শা - - ন্‌
ইউ আর্‌ ন ট্‌ ফার্‌ রঙ্‌ ই উিফ থি - - ঙ্ক যে আম্‌রা ক রি এক্‌ টু বে শী ড্রি - - ঙ্ক্‌

পা পা I র্সা র্সা র্সা | র্সা -া র্সা I র্সা -া -া | -া র্সা র্সা I না -া ধা | র্রা -া ধা I পা -া -া -া
ক্রম্‌ দিঅ্যা বাভ্‌ দেখ্‌ তে পা - চ্ছ বে - - শ্‌ যে আমরা না ই দার্‌ ফি ষ্‌ নর্‌ ফ্লে - - শ্‌

গা গা I পা পা পা | পা পা পা I গপা -া পা I
কা রণ্‌ চ লে মা ঝে মা ঝে এ - টা
আ র ছে ড়ে ছি টিকি নৈ লে সা হেব্‌ রা
ক রি ইং লিশ্‌ ও বে ঙ্গ লীর খি চু ড়ী
আ র্‌ ফ্রে ণ্ডস্‌ দের ভি ত রে ই ং রেজ্‌
ক রি হু টু অ্যা লা ই ক্‌দি হি ণ্ডুজ দি
আ র ই ন্‌ ফ্যাণ্ট্‌ ম্যা রে জ্‌ আর উ ইডো রি
কি ন্তু কন্‌ সিডা রিং আ ও আর্‌ এ ভ্‌ লিউ
আম্‌ রা কিউ রিয়াস্‌ ক ম্মো ডি টিজ হী উ ম্যান্‌

গপা -া পা I গপা -া পা | পা পা পা I ধা -া -া | -া
ও - টা সে - টা য খন্‌ উই চূ - - জ
ব লে সব্‌ সিউ পার্‌ ষ্টি শাস্‌ ও অব্‌ টি উ - স্‌

গপা -া পা I গপা -া পা | পা পা পা I ধা -া -া | -া
বা নি য়ে ক ন্ ভার্ সে শা নে ই উ - জ
গু লো কে ক রি খুব্ হেট্ ও অ্যা বি উ - স্
বু ডিষ্টস্ দি মাহো মেডান্‌স্ দি খৃষ্টি য়ান্‌স্ অ্যাণ্ড্ জ্ - - জ
ম্যা রেজ্ আমাদের খু ব্ এন্ লাই টুন্ ড্ ভী উ - জ
শানের ষ্টেট্ আমা দের্ ম র‍্যাল্‌স্ নয়্ ক খুব্ ল্ - - স্
অ ডি টিজ ডি ন মি নে টেড্ বা বূ - - জ

পা পা I র্সা র্সা র্সা | ধা ধা ধা I পা
কি ন্তু স মা জে তা স্বী কার করি
কি ন্তু টি কি তে ইলেক্ ট্রি সিটি নেই
কি ন্তু এক্ টি ও ঠিক্ কই তে পারি
কি ন্তু সা ম্ নে সে লাম্ না করি
কি ন্তু ফ লার্ ভো জে হিঁ দু নই
কি ন্তু ভি উজ ম তে কা জ করি
আর অ্যাবাউট্ ম র‍্যাল্‌স্ উই কে য়া রএ হ্যাং
আম্ রা ব ক্তৃ তায়্ যু ঝি ও ক

পা পা | গা গা পা I গা গা গা | রা -া রা I সা -া -া | -া II
ইফ্ ইউ থিংক্ তা লে „ ইউ আর অ্যান্ অ - ফূল্ গ্ - - জ
বি তায় কাঁ দি কি ন্তু কা জের স ময় সব ঢঁ্ ঢঁ্ - - জ

পা পা I র্সা -া না | ধা -া পা I মা -া -া | -া -া মা I ধা -া পা | -া মা গা I
আম্ রা বি উ টি ফু ল্ মা ড্ ল্ - - - এ কু ই য়া র অ্যা ম্যাল্

রা -া -া | -া -া রা I গা -া রা | সা -া রা I ধা -া -া | পা -া -া I সা -া -া | -া -া -া I
গ্যা ম্ - - - অফ্ শ - শ ধ র হক্স লী - - অ্যা ন্ ড্ গূ - - - - জ্

বিলাত ফের্তা

তাল—ত্রিমাত্রিক

আমরা বিলেত ফের্তা ক' ভাই, আমরা বাংলা গিয়েছি ভুলি',
আমরা সাহেব সেজেছি সবাই ; আমরা শিখেছি বিলিতি বুলি,
তাই কি করি নাচার, স্বদেশী আচার আমরা চাকরকে ডাকি "বেয়ারা"—আর
করিয়াছি সব জবাই। মুটেদের ডাকি "কুলি"।

“রাম” “কালীপদ” “হরিচরণ”
নাম এ সব সেকেলে ধরণ ;
তাই নিজেদের সব “ডে” “রে” ও “মিটার”
করিয়াছি নামকরণ ;
আমরা সাহেব সঙ্গে পটি,
আমরা মিষ্টার নামে রটি
যদি “সাহেব” না ব’লে “বাবু” কেহ বলে,
মনে মনে ভারি চটি ।
আমরা ছেড়েছি টিকির আদর,
আমরা ছেড়েছি ধুতি ও চাদর,
আমরা হ্যাট বুট আর প্যাণ্ট কোট প’রে
সেজেছি বিলিতি বাঁদর ;
আমরা বিলিতি ধরণে হাসি,
আমরা ফরাসি ধরণে কাশি,
আমরা পা ফাঁক ক’রে সিগারেট খেতে
বড্ডই ভালবাসি ।

আমরা হাতে খেতে বড় ডরাই,
আমরা স্ত্রীকে ছুরি কাঁটা ধরাই,
আমরা মেয়েদের জুতো মোজা, দিদিমাকে
জ্যাকেট কামিজ, পরাই ।
আমাদের সাহেবিয়ানার বাধা
এই যে, রংটা হয়না শাদা,
তবু চেষ্টার ক্রটি নেই—‘ভিনোলিয়া’
মাখি রোজ গাদা গাদা ।
আমরা বিলেত ফের্ত্তা ক’টায়,
দেশে কংগ্রেস আদি ঘটাই ;
আমাদের সাহেব যদিও দেবতা, তবু ঐ
সাহেবগুলোই চটাই ।
আমরা সাহেবি রকমে হাঁটি,
স্পীচ দেই ইংরিজি খাঁটি ;
কিন্তু বিপদেতে দেই বাঙালিরই মত
চম্পট পরিপাটি ।

প্‌া প্‌া I সা সা -া | সা -া সা I সা সা -া | -া সা র্সা I র়া র়া -া | র়া র়া র়া I র়া র়া -া | -া
আম্ রা বি লে ত ফে র্ তা ক ভা ই - আম্ রা সা হে ব্ সে জে ছি স বা ই -
রা ম্ কা লী প দ হ রি চ র ণ্ - না ম্ এ স ব্ সে কে লে ধ র ণ্ -
আম্ রা ছে ড়ে ছি টি কি র আ দ র - আম্ রা ছে ড়ে ছি ধু তি ও চা দ র্ -
আম্ রা হা তে খে তে ব ড় ড রা ই - আম্ রা স্ত্রী কে ছু রি কাঁ টা ধ রা ই -
আম্ রা বি লে ত্ ফে - তা ক টা য়্ - দে শে ক ঙ্ গ্রে স্ আ দি ঘ টা ই -

র়া -া I পা পা পা | গা গা -া I র়া র়া র়া | সা সা -া I গা গা গা | র়া র়া -া I সা সা -া | -া
তা ই কি ক রি না চা র স্ব দে শী আ চা র ক রি য়া ছি স ব্ জ বা ই -
তা ই নি জে দে র স ব্ ডে রে ও মি টা র ক রি য়া ছি না ম্ ক র ণ্ -
আম্ রা হ্যা ট্ বু ট্ আ র্ প্যা ণ্ট্ কো ট প’ রে সে জে ছি বি লি তি বাঁ দ র্ -
আম্ রা মে য়ে দে র জু তো মো জা দি দি মা কে জ্যা কে ট্ কা মি জ্ প রা ই -
আমা দের সা হে ব য দি ও দে ব তা ত বু ঐ সা হে ব্ গু লো ই চ টা ই -

পা পা I র্সা -া র্সা | র্সা র্সা র্সা I র্সা র্সা -া | -া না না I না না ধপা | পা না ধা I র্সা না -া -
আম্ রা বা ঙ্ লা গি য়ে ছি ভু লি - - আম্ রা শি খে ছি বি লি তি বু লি - -
আম্ রা সা হে ব স - ঙ্গে প টি - - আম্ রা মি - ষ্টা র্ না মে র টি - -
আম্ রা বি লি তি ধ র ণে হা সি - - আম্ রা ফ রা সি ধ র ণে কা শি - -
আমা দের সা হে বি য়া না র বা ধা - - এই যে র ঙ টা হ ' য় না শা দা - -

পা পা I র্সা র্সা র্সা | র্সা র্সা র্সা I র্সা র্সা -া | -া র্সা -া I না -া পা | -া না ধা I র্সা না -া -া
আম্ রা সা হে বি র ক মে হাঁ টি - - স্পী চ দে ই ইং - রি জি খাঁ টি - -

গা গা I পা পা পা | -া পা পা I পা পা পা | -া গা -া I গা গা রা | -া সা রা I গা সা -া | -া
আম্ রা চা কর দে র ডা কি বে য়া রা - আ র মু টে দে র ডা কি কু লি - -

গা গা I পা পা -া | পা পা পা I ধা ধা পা | পা গা গা I গা গা রা | সা গা রা I সা সা -া | -া
য দি সা হে ব না ব' লে বা বু কে হ ব লে ম নে ম নে ভা রি চ টি - -
আম্ রা পা - ফাঁ ক্ ক' রে সি গা রে ট্ খে তে ব - ড্ড ই ভা ল বা সি - -
ত বু চে - ষ্টা র ক্র টি নে ই ভি নো লি য়া মা থি রো জ্ গা দা গা দা - -
কি ন্তু বি প দে তে দেই ঐ বা ঙ্গা লী রই ম ত চ ম্ প ট্ প রি পা টি - -

---

হোল কি

তাল—চতুর্মাত্রিক

হোলো কি! এ হোলো কি!—এত ভারি আশ্চর্যি!
বিলেত-ফের্তা টান্‌ছে হুক্কা, সিগারেট খাচ্ছে ভশ্চার্যি।
হোটেলফের্তা মুন্সেফ ডাক্‌ছেন "মধুসূদন কংসারি"!
চট্ট চটির দোকান খুলে দস্তুরমত সংসারী!

ছেলের দল সব চস্‌মা প'রে ব'সে আছে কাটখোট্টা;
সাহেবরা সব গেরুয়া প'র্‌ছে, বাঙালী 'নেক্‌টাই-
হ্যাট্‌কোট্টা';
পক্ষীর মাংস, লক্ষ্মীর মত, ছেলেবেলায় খান্‌নি কে?
ভবনদীর পারে গিয়ে বিড়াল বস্‌ছেন আহ্নিকে।

পদ্য গদ্য লিখ্‌ছে সবাই, কিন্‌ছে না ক কিন্তু কে'ই;
কাট্‌ছে বটে-পোকায় কিন্তু, আলমারি কি সিন্ধুকেই।
জহরচন্দ্র, গোকুলমাইতি বাড়্‌ছে লম্বা চওড়াতে;
বিদ্যারত্ন দরকার শুদ্ধ বিয়ের মন্ত্র আওড়াতে।

পুরুষরা সব শুন্‌ছে ব'সে, মেয়েরা আসর জম্‌কাচ্ছে।
গাচ্ছে এমনি তালকানা, যে শুনে তা'পীলে
চম্‌কাচ্ছে।
রাজা হচ্ছে শিষ্টশান্ত, প্রজা হচ্ছে জবদ্দার;
মুনিব করছে 'আজ্ঞা হুজুর', চাকর করছেন 'খবদ্দার'।

রাধাকৃষ্ণ রঙ্গমঞ্চে নাচ্‌ছেন গিয়ে আনন্দে ;
ব্যাখ্যা করছেন হিন্দুধর্ম হরি ঘোষ আর প্রাণধন্ দে ;
শাস্ত্রিবর্গ কোনই শাস্ত্রের ধারেন না এক বর্ণ ধার,
স্ত্রীরা হচ্ছেন ভবার্ণবে বেশী মাত্রায় কর্ণধার।

গা মা গা রা | গা ধা পা -া I গা মা গা রা | ধ্া সা গা -া I
হো লো কি এ হো লো কি - এ ত ভা রি আশ্‌ চ র্যি -

পা পা পা পা | গা পা র্সা র্সা I গা গা গা পা | সা সা সা -া I
বি লেত্‌ ফে র্তা টান্ ছে হু ক্কা সিগা রেট্‌ খা চ্ছে ভ শ্চা ষি -

সা রা সা রা | সা রা সা রা I গা মা গা রা | গা ধা পা -া I
ছে লের্ দল্ সব চষ্‌ মা প' রে ব সে আ ছে কাট্‌ খো ট্টা -
প ত্র গ ত্র লিখ্‌ ছে স বাই কিন্ ছে না ক' কি স্তু কে উ
পু রুষ্‌ রা সব শুন্ ছে ব সে মেয়ে রা আ সর্ জম্ কা চ্ছে -
রা ধা কৃ ষ্ণ র ঙ্গ ম ঞ্চে নাচ্‌ ছেন গিয়ে আ ন ন দে -

পা পা পা পা | গা পা র্সা র্সা I গা গা গা | মা সা সা সা -া
সা হেব্‌ রা সব গেরু য়া পর্ ছে বাঙা লী নেক্ টাই হ্যাট্‌ কো ট্টা -
কাট্‌ ছে ব টে পো কায়্‌ কি স্তু আল্ মা রী কি সি ন্ধু কে ই
গা চ্ছে এম্ নি তাল্ কা ণা যে শুনে তা পি লে চম্ কা চ্ছে -
ব্যা খ্যা কর ছেন হি ন্দু ধ র্ম হ রি ঘোষ আর্‌ প্রাণ ধন্ দে -

র্সা র্সা র্সা ধা | না না না পা I ধা ধা ধা ন্ধা | ধা ধা পা -া I
হো টেল্ ফে র্তা মুন্ সেফ্‌ ডাক্ ছেন ম ধু সূ দন্ কং সা রি -
প ক্ষীর্‌ মাং স ল ক্ষীর্ ম ত ছে লে বে লায় খান্ নি কে -
জ হর্ চ ন্দ্র গো কুল মাই তি বাড় ছে ল ম্বা চও ড়া তে -
রা জা হ চ্ছে শি ষ্ট শা ন্ত প্র জা হ চ্ছে জ ব র্দা র্‌
শা স্ত্রী ব র্গ কো নো শা স্ত্রের ধা রেন্ না এক্ ব র্ণ ধা র্‌

মা মা মা রা | গা গা গা সা I রা রা রা ন্া | রা রা সা -া I
চ ট্ট চ টির দো কান্ খু লে দ স্তুর ম ত সং সা রী -
ভ ব ন দীর্‌ পা রে গি য়ে বে ড়াল্ বসে ছেন আ হ্নি কে -
বি দ্যা রত্‌ ন দর কার শু ধু বি য়ের ম ন্ত্র আও ড়া তে -
মু নিব কর ছে আ জ্ঞে হু জুর চা কর কর ছেন্ খ ব র্দা র
স্ত্রী রা হ চ্ছেন ভ বা র্ণ বে বে শী মা ত্রায় ক র্ণ ধা র

নতুন কিছু করো

তাল—ত্রিমাত্রিক

নতুন কিছু করো, একটা নতুন কিছু করো।
নাক গুলো সব কাটো, কাণ গুলো সব ছাঁটো ;
পা গুলো সব উঁচু ক'রে, মাথা দিয়ে হাঁটো ;
হামাগুড়ি দাও, লাফাও, ডিগ্‌বাজী খাও, ওড়ো ;
কিংবা চিৎপাত হ'য়ে—পা গুলো সব ছোড়ো ;
ঘোড়া গাড়ী ছেড়ে এখন বাইসিকেলে চড়ো,
—নতুন কিছু করো, একটা নতুন কিছু করো।

ডাল ভাতের দফা কর সবাই রফা,
কর শীগ্‌গির ধুতিচাদরনিবারণী সভা ;
প্যাণ্ট পরো, কোট পরো, নইলে নিভে গেলে ;
ধুতি চাদর হ'য়েছে যে নিতান্ত সেকেলে ;
কাঁচকলা ছাড়ো, এবং রোস্ট্ চপ্ ধরো ;
—নতুন কিছু করো, একটা নতুন কিছু করো।

কিংবা সবাই ওঠো, টাউন হলে জোটো ;
হিন্দুধর্ম প্রচার কর্তে আমেরিকায় ছোটো ;
আমরা যেন নেহাৎই খাটো হ'য়ে না যাই, দেখো,—
খুব খানিক চেঁচাও কিংবা খুব খানিক লেখো ;
বেন্, মিল্ ছাড়ো, আবার ভাগবত পড়ো।
—নতুন কিছু করো, একটা নতুন কিছু করো।

আর কিছু না পারো, স্ত্রীদের ধ'রে মারো ;
কিংবা তাঁদের মাথায় তুলে নাচো—ভালো আরো !
একেবারে নিভে যাচ্ছে দেশের স্ত্রীলোক ;
বি এ, এম এ, ঘোড়সোয়ার, যা একটা কিছু হোক্।
যা হয়—একটা করো কিছু রকম নতুনতরো ;
—নতুন কিছু করো, একটা নতুন কিছু করো।

হ'য়েছি অধীর যত বঙ্গবীর ;
এখন তবে কাটো সবাই নিজের নিজের শির ;
পাহাড় থেকে পড়ো, সমুদ্রে দাও ডুব ;
মরবে না হয় মরবে, একটা নতুন হবে খুব।
নতুন রকম বাঁচো, কিংবা নতুন রকম মরো ;—
—নতুন কিছু করো, একটা নতুন কিছু করো।

II সা সা -া রা গা -া I রা রা -া গা রা -া I সা সা -া রা গা -া I রা রা -া -া -া -া I
ন তু ন্ কি ছু - ক রো - এক্ টা - ন তু ন্ কি ছু - ক রো - - - -

র্সা -া র্সা র্সা র্সা -া I না না -া -া -া -া I ধা -া ধা ধা ধা -া I পা পা -া -া -া -া I
না ক্ গু লো স ব কা টো - - - - কা ণ্ গু লো স ব্ ছাঁ টো - - - -

পা -া পা পা পা -া I পা পা -া ধা পা -া I মা মা -া গা রা -া I মা গা -া -া -া -া I
পা - গু লো স ব্ উঁ চু - ক' রে - মা থা - দি য়ে - হাঁ টো - - - -

সা সা রা | সা সা রা I সা -া রা | সা রা -া I গা -া পা | গা রা -া I মা গা -া | -া -া -া I
হা মা - গু ড়ি - দা - ও লা ফা ও ডি গ্ বা জী খা ও ও ড়ো - - - -

গা -া -া | গা মা গা I রা -া -া | পা পা -া I গা -া রা | গা মা -া I গা রা -া | -া -া -া I
কি - ম্ বা চি ৎ পা - ৎ হ' য়ে - পা - গু লো স ব্ ছো ড়ো - - - -

সা সা -া | সা সা -া I সা সা -া | সা সা -া I ধ্‌া -া সা | সা ন্‌া সরা I রা রা -া | -া -া -া II
ঘো ড়া - গা ড়ী - ছে ড়ে - এ খ ন্ বা ই সি কে লে - চ ড়ো - - - -
কাঁ - চ ক লা - ছা ড়ো - এ ব ং রো - ষ্ট্‌ চ - প্‌ ধ রো - - - -
বে ন্ - মি - ল্ ছা ড়ো - আ বা র্‌ ভা গ - ব - ৎ প ড়ো - - - -

সা সা -া | সা -া সা I সা সা -া | সা সা -া I ধ্‌া সা -া | সা সা রা I রা রা -া | -া -া -া II
যা হ য়্‌ এ কৃ টা ক রো - কি ছু - র ক ম্ ন তু ন্ ত রো - - - -
ন তু ন্ র ক ম্ বাঁ চো - কি - ম্বা ন তু ন্ র ক ম্ ম রো - - - -

র্সা -া -া | র্সা র্সা -া I না না -া | -া -া -া I ধা ধা -া | ধা ধা -া I পা পা -া | -া -া -া I
ডা - ল্ ভা তে র্‌ দ ফা - - - - ক রো - স বা ই র ফা - - - -
কি ম্ বা স বা ই ও ঠো - - - - টা উ ন্ হ লে - জো টো - - - -
আ র্‌ কি ছু না - পা রো - - - - স্ত্রী দে র্‌ ধ' রে - মা রো - - - -
হ' য়ে - ছি অ ধী - - - - - - র্‌ য ত - ব - ঙ্গ বী - - - - র

পা পা -া | পা পা -া I পা পা -া | ধা পা -া I মা মা -া | গা রা -া I মা পা -া | -া -া -া I
ক রো - শী গ্‌ গির্‌ ধু তি - চা দ র্‌ নি বা - র ণী - স ভা - - - -
হি ন্ দু ধ র্‌ ম প্র চা র্‌ ক র্তে - আ মে - রি কা য় ছো টো - - - -
কি ম্ বা তাঁ দে র্‌ মা থা য়্‌ তু লে - না চো - ভা লো - আ রো - - - -
এ থ ন্ ত বে - কা টো - স বা ই নি জে র নি জে র শি র - - - -

ধ্‌া সা -া | সা সা -া I ধ্‌া সা -া | সা সা -া I গা মা মা | গা রা -া I মা গা -া | -া -া -া I
প্যা ন্ ট্‌ প রো - কো - ট্‌ প রো - ন ই লে নি ভে - গে লে - - - -
আ ম্ রা যে ন - নে হা ৎ খা টো - হ' য়ে - না যা ই দে খো - - - -
এ কে - বা রে - নি ভে - যা চ্ছে - দে শে - র স্ত্রী - লো - - - - ক্

সা ধ্‌া সা | সা সা রা I রা রা -া | -া -া -া I গা মা -া | গা রা -া I মা গা -া | -া -া -া I
পা হা ড়্ থে কে - প ড়ো - - - - স মু - দ্রে দা ও ডু - - - - ব্

গা গা -া | গা মা গা I রা রা -া | পা পা -া I গা রা া | গা মা -া I গা রা -া | -া -া -া I
ধু তি - চা দ র্ হ' য়ে - ছে য়ে - নি তা ন্ ত সে - কে লে - - - -
খু - ব্ থা নি ক্ চেঁ চা ও কি ম্ বা খু - ব থা নি ক্ লে খো - - - -
বি এ - এম্ এ ঘো ড় সো য়ার যা - এ ক্ টা কি ছু - হো - - - - ক্
ম র বে না হ য়্ ম র বে এ ক টা ন তু ন্ হ বে - খু - - - - ব

এমন ধর্ম নাই

তাল—চতুর্মাত্রিক

ঐ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, হো ! কার্তিক, গণপতি—
আর দুর্গা, কালী, জগদ্ধাত্রী, লক্ষ্মী, সরস্বতী,—
আর শচী, ঊষা, ইন্দ্র, চন্দ্র, বায়ু, অগ্নি, যম ;—
ঐ সবই আছে ; —হিন্দুধর্ম তবে কিসে কম ?—
(কোরাস্)—ছেড়োনাক এমন ধর্ম, ছেড়োনাক ভাই ;
এমন ধর্ম নাই আর দাদা, এমন ধর্ম নাই !
[বাদ্য] তড়ালাক্ তড়ালাক্ তড়ালাক্ ডুম্।
ঐ কৃষ্ণরাধা, কৃষ্ণের দাদা বলরাম বীর,
আর শ্রীরাম, বুদ্ধ, শ্রীচৈতন্য, নানক ও কবীর ;
হ'ন নিত্য নিত্য উদয়, নব নব অবতার ;
ব্যস্ —বেছে নেও—মনোমত যিনি হ'ন যাঁর !—
(কোরাস্)—ছেড়োনাক [ইত্যাদি]

আছে বানর, কুমীর, কাঠবিড়ালী, ময়ূর, পেঁচা, গাই—
আর তুলসী, অশথ, বেল, বট, পাথর—কি এ ধর্মে নাই !
ঐ বসন্ত, কলেরা, হাম—ইত্যাদি 'বেবাক্' ;
সবই রোগের ব্যবস্থা আছে—কিছু যায় নি ফাঁক।
(কোরাস্)—ছেড়ো নাক [ইত্যাদি]
যদি চোরই হও কি ডাকাত হও তা গঙ্গায় দাও ডুব ;
আর গয়া, কাশী, পুরী যাও সে—পুণ্যি হবে খুব ;
আর মদ্য, মাংস খাও—বা যদি হ'য়ে পড় শৈব ;
আর না খাও যদি বৈষ্ণব হও ;—এর গুণ কত কৈব।
(কোরাস্)—ছেড়োনাক [ইত্যাদি]

সা I সা রা সা রা | সা রা সা রা I গা মা গা রা | মা গা -া
ঐ ব্র হ্মা বি ষ্ণু ম হে শ্বর্ হো কা র্তিক গ ণ প তি -
ঐ কৃ ষ্ণ রা ধা কৃ ষ্ণের দা দা ব ল রা ম্ বী - র্
আছে বা নর্ কু মীর্ কাঠ্ বি ড়া লী ম য়ূর্ পেঁ চা গা ই ই
যদি চোর ই হও কি ডা কাত্ হও তা গ ঙ্গায়্ দা ও ডু - ব্

গা I গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা রা -া
আর্ দু র্গা কা লী জ গ দ্ধা ত্রী ল ক্ষ্মী স র স্ব তী -
আর শ্রী রাম্ বু দ্ধ শ্রী চৈ ত ন্য না নক্ ও ক বী - র্
আর তুল্ সী অ শথ্ বেল্ বট্ পা থর্ কি এ ধ র্ম্মে না - ই
আর গ য়া কা শী পু রী যা ও পু ণ্যি হ বে খু - ব্

সা I ধ্সা সা সা সা | ধ্সা সা সা সা I রা গা রা গা | গা রা -া
আর শ চী উ ষা ই ন্দ্র চ ন্দ্র বা য়ু অ গ্নি য - ম্
হন্ নি ত্য নি ত্য উ দয়্ ন ব ন ব অ ব তা - র্
ঐ ব স ন্ত ক লে রা হা ম্ ই ত্যা দি বে বা - ক্
আর ম দ্য মাং স খাও বা য দি হ' য়ে প ড় শৈ ব -

পা I র্সা র্সা ধা র্সা | ধা ধা পা পা I গা মা গা রা | সা -া -া -া I
ঐ সব্ ই আ ছে হি ন্দু ধ র্ম্ম ত বে কি সে ক - - ম্
ব্যস্ বে ছে না ও ম নো ম ত ষি নি হ ন্ যাঁ - - র্
ঐ সব্ ই রো গের্ ব্য বস্থা আ ছে কি ছু যায়্ নি ফাঁ - - ক্
আর্ না খাও য দি বৈ ষ্ণব্ হও এর্ গু ণ্ ক ত কৈ ব - -

II র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I না না ধা পা | মা -া -া -া I
ছে ড়ো না ক এ মন্ ধ র্ম্ম ছে ড়ো না ক ভা ই - -

না না ধা পা | মা গা রা সা I গা গা রা রা | সা -া -া -া I
এ মন্ ধ র্ম্ম নাই আর দা দা এ মন্ ধ র্ম্ম না ই - -

গীতার আবিষ্কার

তাল—চতুর্মাত্রিক

বড়ই নিন্দা মোদের সবাই করছে দিবারাতি ;
ব'লছে আমরা ভণ্ড. ভীরু, মিথ্যাবাদী জাতি ;
হতাশভাবে তক্তার উপর পড়্‌লাম গিয়ে শুয়ে,
দুইটি ধারে সরল রেখায় ছড়িয়ে হস্ত দু'য়ে ;
ভাব্‌ছি এটার মুখের মতন জবাব দেবো কি তা,—
ঠেক্‌লো হাত এক বইয়ের উপর, তুলে দেখি গীতা !
ওমা ! তুলে' দেখি গীতা।
লাফিয়ে উঠ্‌লাম তক্তার উপর 'মাটামভাবে' সোজা ;
ছট্‌কে পড়্‌লো মাথা থেকে অপমানের বোঝা।
এবার যদি নিন্দা কর, কর্ব তাকি জানি—
এমনি চাঁদের চ'খের সাম্‌নে ধর্ব গীতাখানি ;
এখন বটে অপমানটা করছ মোদের বড় ;
তবু একবার চন্দ্রবদন, গীতাখানি পড়—
একবার গীতাখানি পড়।
সকাল বেলায় আপিস্‌ গিয়ে গাধার মত খাটি,
নিত্য নিত্য প্রভুর রাঙা পা দু'খানি চাটি ;
বাড়ী ফিরে—বন্ধুবর্গ জড় হ'লে খালি,
যাঁদের অন্নে ভরণপোষণ, তাঁদের পাড়ি গালি ;
একা হলে (হায় রে, গলায় জোটেও না দড়ি !)
বুঝি বা সে না'ই বুঝি গীতাখানি পড়ি—
আমার গীতাখানি পড়ি।
দেখি যদি গৌরমূর্তির রক্তবর্ণ আঁখি,
অমনি প্রাণের ভয়ে 'ওগো বাবা' ব'লে ডাকি ;
পালাই ছুটে ঊর্ধ্বশ্বাসে, যেন বাঘে খেলে !
চাদর এবং পরিবারে সমভাবে ফেলে' ;
পিতৃপুণ্যে পৌঁছে বাড়ী, ঘরে দিয়া চাবি,
মালা জপি এবং আমার গীতার কথা ভাবি।
—আমার গীতার কথা ভাবি।
গীতার জোরে স'চ্ছে ঘুঁষি, স'চ্ছে কানুটিটে,
গীতার জোরে পেটে না খাই, স'য়ে যাচ্ছে পিঠে ;
করি যদি ধাপ্পাবাজি, মিথ্যে মোকদ্দমা,
স'য়ে যাবে,—গীতার পুণ্য আছে অনেক জমা ;
মাঝে মাঝে তুলনায় মনে হয় হেন,
মুর্গীর কোর্মার চেয়ে আমার গীতাই মিষ্টি যেন -
আমার গীতাই মিষ্টি যেন।
(কোরাস্‌)—গীতার মত নাইক শাস্ত্র,
গীতার পুণ্যে বাঁচি—
বেঁচে থাকুক্‌ গীতা আমার—গীতায় ম'রে আছি ;
—বাবা ! গীতায় ম'রে আছি ;

ধ্‌া	সা	ধ্‌া	সা	|	ধ্‌া	সা	ধ্‌া	সা	I	গা	মা	গা	রা	|	মা	গা	-া	-া	I
ব	ড়ই	নি	ন্দা		মো	দের	স	বাই		কর	ছে	দি	বা		রা	তি	-	-	
লাফি	য়ে	উঠ্‌	লাম্‌		তক্‌	তার	উ	পর		মা	টাম্‌	ভা	বে		সো	জা	-	-	
স	কাল	বে	লায়		আ	পিস্‌	গি	য়ে		গা	ধার	ম	ত		খা	টি	-	-	
দে	খি	য	দি		গৌ	র	মূ	র্তির		র	ক্ত	ব	র্ণ		আঁ	খি	-	-	
গী	তার	জো	রে		স'	চ্ছে	ঘুঁ	ষি		স'	চ্ছে	কা	নু		টি	টে	-	-	

গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা রা -া -া I
বল্ ছে আম্ রা ভ ও ভী রু মি থ্যা বা দী জা তি - -
ছট্ কে পড়্ লো মা থা থে কে অ প মা নের বো ঝা - -
নি ত্য নি ত্য প্র ভুর্ রা ঙা পা দু খা নি চা টি - -
অম্ নি প্রা ণের ভ য়ে ও গো বা বা ব' লে ডা কি - -
গী তার্ জো রে পে টে না খাই স' য়ে যা চ্ছে পি ঠে - -

সা সা সা সা | রা রা রা রা I গা গা গা গা | মা মা -া -া I
হ তাশ ভা বে ত ক্তার উ পর পড় লাম্ গি য়ে শু য়ে - -
এ বার য দি নি ন্দা ক র ক র্ব তা কি জা নি - -
বা ড়ী ফি রে ব ন্ধু ব র্গ জ ড় হ' লে খা লি - -
পা লাই ছু টে উ র্ধ্ব শ্বা সে যে ন বা ঘে খে লে - -
ক রি য দি ধা প্পা বা জি মি থ্যে ম ক দ্দ মা - -

পা পা পা পা | ধা ধা ধা ধা I না না না ধা | র্সা -া -া -া I
দুই টী ধা রে স রল্ রে খায় ছড়ি য়ে হ স্ত দু য়ে - -
অম্ নি চাঁ দের চো খের সাম্ নে ধ র্ব গী তা খা নি - -
যাঁ দের অ ন্নে ভ রণ পো ষণ তাঁ দের পা ড়ি গা লি - -
চা দর এ বং প রি বা রে স ম ভা বে ফে লে - -
স' য়ে যা বে গী তার পু ণ্য আ ছে অ নেক্ জ মা - -

র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I না না ধা পা | মা মা -া -া I
ভাব্ ছি এ টার মু খের ম তন্ জ বাব্ দে ব কি তা - -
এ খন্ ব টে অ প মান্ টা কর ছ মো দের ব ড় - -
এ কা হ' লে হায় রে গ লায় জো টে না ও দ ড়ি - -
পি তৃ পু ণ্যে পৌ ছে বা ড়ী ঘ রে দি য়ে চা বি - -
মা ঝে মা ঝে তু ল না য় ম নে হ য় হে ন - -

না না ধা ধা | পা পা গা পা I গা গা রা রা | সা সা
ঠেক্ লো হাত্ এক্ বই য়ের ও পর্ তু লে দে খি গী তা
ত বু এক্ বার্ চ ন্দ্র ব দন্ গী তা খা নি প ড়
বু ঝি বা সে না ই বু ঝি গী তা খা নি প ড়ি
মা লা জ পি এ বং আ মার গী তার ক থা ভা বি
মু র্গীর কো র্ম্মার চে য়ে আ মার গী তাই মি ষ্টি যে ন

গা গা I পা পা না না | র্রা র্সা -া -া II
ও মা তু লে দে খি গী তা - -
এক বার গী তা খা নি প ড়ি - -
আ মার গী তা খা নি প ড়ি - -
আ মার গী তার ক থা ভা বি - -
আ মার গী তাই মি ষ্টি যে ন - -

কোরাস্

II র্সা র্সা র্সা র্সা | না না ধা ধা I পা ধা পা ধা | গা র্গা -া -া I
গী তার ম তন্ নাই ক শা স্ত্র গী তার পু ণ্যে বাঁ চি - -

র্গা র্গা র্রা র্রা | র্সা র্সা ধা ধা I পা ধা গা না | ধা পা
বেঁ চে থা কুক্ গী তা আ মার গী তায়্ ম' রে আ ছি

গা পা I গা গা রা রা | সা সা -া -া I
বা বা গী তায়্ ম' রে আ ছি - -

বদ্‌লে গেল মত্‌টা

তাল—চতুর্মাত্রিক

প্রথম যখন ছিলাম কোন ধর্মে অনাসক্ত,
খৃষ্টীয় এক নারীর প্রতি হ'লাম অনুরক্ত ;
বিশ্বাস হ'ল খৃষ্টধর্মে—ভজ্‌তে যাচ্ছি খ্রীষ্টে,—
এমন সময় দিলেন পিতা পদাঘাত এক পৃষ্ঠে।
ছেড়ে দিলাম পথটা বদ্‌লে গেল মতটা,—
(কোরাস্)—অমন অবস্থায় পড়লে সবারই মত
বদ্‌লায়।

চেয়ে দেখ্‌লাম—নব্যব্রাহ্ম সম্প্রদায়ে স্পষ্ট,
চক্ষু বোঁজা ভিন্ন নাইক অন্য কোনই কষ্ট,—
কাচিৎ ভগ্নীসহ দীক্ষিত হব উক্ত ধর্মে,—
এমন সময় বিয়ে হ'য়ে গেল হিন্দু form-এ
—ছেড়ে দিলাম পথটা, বদলে গেল মতটা,
(কোরাস্)—অমন অবস্থায় পড়লে সবারই মত
বদ্‌লায়।

নাস্তিকের এক দলের মধ্যে মিশ্‌লাম গিয়ে রঙ্গে ;
Hume ও Mill ও Herbert Spencer পড়্‌তে
লাগ্‌লাম সঙ্গে ;
ভেসে যাবো যাবো হচ্চি Fowl ও Beef-এর
বন্যায়,
এমন সময় দিলেন ঈশ্বর গুটিকতক কন্যায় !
—ছেড়ে দিলাম পথটা বদ্‌লে গেল মতটা,
(কোরাস্)—অমন অবস্থায় পড়্‌লে সবারই মত
বদ্‌লায়।

ছেড়ে দিলাম Herbert Spencer Bain ও
Millএর চর্চায়,
ছেড়ে দিলাম Beef Fowl—অন্ততঃ নিজের
খর্চায়।
বুঝ্‌ছি বসু ঘোষের কাছে হিন্দুধর্মের অর্থে,—
এমন সময় পড়ে গেলাম Theosophyর গর্তে।
—ছেড়ে দিলাম পথটা, বদলে গেল মতটা,
(কোরাস্)—অমন অবস্থায় পড়লে সবারই মত
বদ্‌লায়।

সে ধর্মটার ঈশ্বর হচ্ছেন ভূত কি পরব্রহ্ম।
এইটে কর্ব কর্ব রকম কচ্চি বোধগম্য ;
মিশিয়েও এনেছি প্রায় 'এনি' ও বেদাঙ্গ,
এমন সময় হয়ে গেল ভবলীলা সাঙ্গ !
—ছেড়ে দিলাম পথটা, বদলে গেল মতটা,
(কোরাস্)—অমন অবস্থায় পড়্‌লে সবারই মত
বদলায়।

সা	রা	সা	রা	।	সা	রা	সা	রা	I	গা	মা	গা	রা	।	মা	-া	গা	-া I
প্র	থম	য	খন্		ছি	লাম্	কোন্	ও		ধ	র্মে	অ	না		স	-	ক্ত	-
চে	য়ে	দেখ্	লাম্		ন	ব্য	ব্রা	হ্ম		স	ম্প্র	দা	য়ে		স্প	-	ষ্ট	-
না	স্তি	কের	এক্		দ	লের্	ম	ধ্যে		মিশ্	লাম্	গি	য়ে		র	-	ঙ্গে	-
ছে	ড়ে	দি	লাম্		হা	র্বার্ট্	স্পেন্	সার্		বেন্	ও	মি	লের্		চ	-	র্চা	য়্
সে	ধ	র্ম	টার্		ঈ	শ্বর্	হ'	চ্ছেন্		ভূত্	কি	প	র		ব্র	-	হ্ম	-

গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা -া রা -া I
খৃ ষ্টী য় এক্ না রীর্ প্র তি হ’ লাম্ অ নু র - ক্ত -
চ ক্ষু বো জা ভি ন্ন নাই ক অ ন্য কোন ই ক - ষ্ট -
হিউম্ ও মিল্ ও হা র্বার্ট স্পেন্ সার্ পড়্ তে লাগ্ লাম্ স - ঙ্গে -
ছে ড়ে দি লাম বি ফ্ ও ফাউল্ অন্ ত ত নি জের খ র্ চা য়্
এই টে কর্ ব কর্ ব র কম্ ক চ্ছি বো ধ গ - ম্য -

র্সা র্সা র্সা নধা | না না না ধপা I ধা ধা ধা পক্ষা | ধা -া পা -া I
বি শ্বাস্ হ’ ল খৃ ষ্ট ধ র্মে ভজ্ তে যা চ্ছি খৃ - ষ্টে -
কা চিৎ ভ গ্নী স হ দী ক্ষিত হ ব উ ক্ত ধ - র্মে -
ভে সে যা বো যা বো হ চ্ছি ফাউল্ ও বী ফের্ ব - ন্যায়্ -
বুঝ্ ছি ব সু ঘো ষের্ কা ছে হি ন্দু ধ র্মের্ অ - র্থে -
মি শি য়ে ও এ নে ছি প্রায় এ নি ও বে দা - ঙ্গ -

মা মা মা গরা | গা গা গা রসা I রা রা রা সন্‌া | রা -া সা -া I
এ মন্ স ময়্ দি লেন্ পি তা প দা ঘাত্ এক্ পৃ - ষ্ঠে -
এ মন্ স ময়্ বি য়ে হ’ য়ে গে ল হি ন্দু ফ - র্মে -
এ মন্ স ময়্ দি লেন্ ঈ শ্বর্ গু টি ক ত ক - ন্যায়্ -
এ মন্ স ময়্ প ড়ে গে লাম্ থি য় স ফির্ গ - র্তে -
এ মন্ স ময়্ হ য়ে গে ল ভ ব লী লা সা - ঙ্গ -

সা সা ধ্‌া রা | রা -া রা -া I রা রা ন্‌া গা | গা -া গা -া I
ছে ড়ে দি লাম্ প থ্ টা - বদ্ লে গে ল ম ত্ টা -

র্সা র্সা ধা ধা | পা পা গা রসা I গা গা রা রা | সা -া সা -া I
অ মন্ অ ব স্থা তে পড়্ লে স বার্ ই মত্ ব দ্ লা য়্

নন্দলাল

তাল—ত্রিমাত্রিক

নন্দলাল ত একদা একটা করিল ভীষণ পণ—
স্বদেশের তরে, যা করেই হোক্, রাখিবেই সে জীবন।
সকলে বলিল 'আ-হা-হা কর কি, কর কি, নন্দলাল?'
নন্দ বলিল 'বসিয়া বসিয়া রহিব কি চিরকাল?
আমি না করিলে, কে করিবে আর উদ্ধার এই দেশ?'
তখন সকলে বলিল—'বাহবা বাহবা বাহবা বেশ!'

নন্দর ভাই কলেরায় মরে, দেখিবে তাহারে কেবা!
সকলে বলিল 'যাওনা নন্দ, করনা ভা'য়ের সেবা'!
নন্দ বলিল 'ভায়ের জন্য জীবনটা যদি দিই—
না হয় দিলাম—কিন্তু অভাগা দেশের হইবে কি?
বাঁচাটা আমার অতি দরকার, ভেবে দেখি চারিদিক';
তখন সকলে বলিল—'হাঁ হাঁ হাঁ তা বটে, তা বটে, ঠিক!'

নন্দ একদা হঠাৎ একটা কাগজ করিল বাহির;
গালি দিয়া সবে গদ্যে পদ্যে বিদ্যা করিল জাহির;
পড়িল ধন্য দেশের জন্য নন্দ খাটিয়া খুন;
লেখে যত তার দ্বিগুণ ঘুমায়, খায় তার দশগুণ!—
খাইতে ধরিল লুচি ও ছোকা ও সন্দেশ থাল থাল;
তখন সকলে বলিল—'বাহবা বাহবা নন্দলাল!'

নন্দ একদা কাগজেতে এক সাহেবকে দেয় গালি;
সাহেব আসিয়া গলাটি তাহার টিপিয়া ধরিল খালি;
নন্দ বলিল, 'আ-হা-হা! কর কি, কর কি, ছাড়না ছাই,
কি হবে দেশের, গলাটিপুনিতে আমি যদি মারা যাই?
বল ক'বিঘৎ দিব নাকে খৎ, যা বল করিব তাহা';
তখন সকলে বলিল—'বাহবা বাহবা বাহবা বাহা!'

নন্দ বাড়ীর হ'ত না বাহির, কোথা কি ঘটে কি জানি;
চড়িত না গাড়ী, কি জানি কখন উল্‌টায় গাড়ীখানি;
নৌকা ফি সন ডুবিছে ভীষণ, রেলে 'কলিশন' হয়;
হাঁটিতে সর্প, কুক্কুর আর গাড়ী-চাপা-পড়া ভয়;
তাই শুয়ে শুয়ে, কষ্টে বাঁচিয়ে রহিল নন্দলাল।
সকলে বলিল—'ভ্যালারে নন্দ, বেঁচে থাক্ চিরকাল!'

II দা -া দা | দা -া -া I
ন ন্ দ লা - ল্

দা -া দা | দা -া ণদা I পা দা পা | মা জ্ঞা জ্ঞা I জ্ঞা পা পা মা জ্ঞা -া I ঋা সা -া | -া -া -া I
ন ন্ দ লা ল্ ত এ ক দা এ ক্ টা ক রি ল ভী ষ ণ প - - - - ণ
ন ন্ দ র্ ভা ই ক লে রা য়্ ম রে দে খি বে তা হা রে কে বা - - - -
ন ন্ দ এ ক দা হ ঠা ৎ এ ক টা কা গ জ্ ক রি ল বা হি - - - র্
ন ন্ দ এ ক দা কা গ জে তে এ ক সা হে ব কে দে য় গা লি - - - -
ন ন্ দ বা ড়ী র হ' ত না বা হি র্ কো থা কি ঘ টে কি জা নি - - - -

ঋা ঋা ঋা | -া ঋা সা I ঋা মা পা | দা দা -া I দা দা র্সা | ণা দা দা I ণা দা পা | মা -া -া II
স্ব দে শে র্ ত রে যা ক' রে ই হো ক্ রা খি বে ই সে জী ব - - - - ন্
স ক লে ব লি ল যা ও না ন ন্ দ ক র না ভা য়ে র সে বা - - - -
গা লি দি য়া স বে . গ - স্তে প - স্তে বি - স্তা ক রি ল জা হি - - - র্
সা হে ব্ আ সি য়া গ লা টি তা হা র্ টি পি য়া ধ রি ল খা লি - - - -
চ ড়ি ত না গা ড়ী কি জা নি ক থ ন্ উ ল্ টা য়্ গা ড়ী খা নি - - - -
ত থ ন্ স ক লে ব লি ল বা হ বা বা হ বা বা হ বা বে - - - - শ্
ত থ ন্ স ক লে ব লি ল হাঁ হাঁ হাঁ তা ব টে তা ব টে ঠি - - - - ক্
ত থ ন্ স ক লে ব লি ল বা হ বা বা হ বা ন ন্ দ লা - - - - ল্
ত থ ন্ স ক লে ব লি ল বা হ বা বা হ বা বা হ বা বা হা - - - -
স ক লে ব লি ল ভ্যালা রে ন ন্ দ বেঁ চে থা ক্ চি র কা - - - - ল্

মা মা মা | মা মা মপা I পা দা দা | দা দা দা I দা দা দা | দা দা দা I ণা দা পা | মা -া -া I
স ক লে ব লি ল আ হা হা ক র কি ক র কি ন ন্ দ লা - - - - ল্
ন ন্ দ ব লি ল ভা য়ে র্ জ - ন্য জী ব ন্ টা য দি দি ই - - - -
প ড়ি ল ধ - ন্য দে শে র্ জ - ন্য ন ন্ দ খা টি য়া খু - - - - ন্
ন ন্ দ ব লি ল আ হা হা ক র কি ক র কি ছা ড় না ছা - - - - ই
নৌ - কা ফি স ন্ ডু বি ছে ভী ষ ণ্ রে লে ক লি শ ন্ হ - - - - য়

মা মা মা | মা মা মা I পা ণা ণা | র্সা র্ঋা র্ঋা I র্ঋা র্মা র্জ্ঞা | র্ঋা র্ঋা র্ঋা I র্জ্ঞা র্ঋা র্সা | ণা -া -া I
ন ন্ দ ব লি ল ব সি য়া ব সি য়া র হি ব কি চি র কা - - - - ল্
না হ য়্ দি লা ম্ কি - ন্তু অ ভা গা দে শে র্ হ ই বে কি - - - - -
লে খে য ত তা র্ দ্বি গু ণ ঘু মা য়্ খা য়্ তা র্ দ শ্ গু - - - - ণ
কি হ বে দে শে র্ গ লা টি পু নি তে আ মি য দি মা রা যা - - ই - -
হাঁ টি তে স - র্প কু - কু র্ কিম্ বা গা ড়ী চা পা প ড়া ভ - - - - য়্

র্ঋা র্ঋা র্ঋা | র্ঋা র্ঋা র্ঋর্জ্ঞা I র্সা র্ঋা র্সা | ণা দা -া I দা -া র্সা | ণা ধা -া I ক্ষা মা -া | -া -া -া I
আ মি না ক রি লে কে ক রি বে আ র্ উ - দ্ধা র এ ই দে - - - - শ্
বাঁ চা টা আ মা র্ অ তি দ র কা র্ ভে বে দে খি চা রি দি - - - - ক্
খা ই তে ধ রি ল লু চি ও ছো কা - স ন্ দে শ থা ল্ থা - - - - ল্
ব ল ক বি ঘ ৎ না কে দি ব থ ৎ যা ব ল ক রি ব তা হা - - - -
তা ই শু য়ে শু য়ে ক ষ্টে বাঁ চি য়ে র হি ল ন ন্ দ লা - - - - .

হিন্দু

তাল—ত্রিমাত্রিক

এবার হ'য়েছি হিন্দু, করুণাসিন্ধু, গোবিন্দজীকে
ভজিহে।
এখন করি দিবারাতি   দুপুরে ডাকাতি
(শ্যাম) প্রেম-সুধারসে মজিহে।
আর মুরগী খাইনা,   কেননা পাই না!
(তবে) হয় যদি বিনা খরচেই—
আহা! জানত আমার   স্বভাব উদার,
(তাতে) গোপনে নাইক অরুচি।
এখন ঘোষের নিকট,   বোসের নিকট
(হিন্দু) ধর্ম্মশাস্ত্র শিখি গো।
আমি জীবনের সার   করেছি আমার
(আহা) ফোঁটা, মালা আর টিকি গো।

আহা! কি মধুর টিকি,   আর্য্য ঋষি কি
(এই) বানিয়ে ছিলেনই কল গো।
সে যে আপনার ঘাড়ে   আপনিই বাড়ে,
(অথচ)—চতুর্বর্গ ফল গো।
আহা এমন কম্র,   এমন নম্র,
(আছে)—গোপনে পিছনে ঝুলিয়ে।
অথচ সে সব একদম   করিছে হজম,
(এমনি) বিষম হজ্‌মি গুলি এ!

ল'য়ে ভিক্ষার ঝুলি,   নির্ভয়ে তুলি
(ওগো) ধর্মের নামে চাঁদা গো।
দেয় হরিনাম শুনে   টাকা হাতে গুণে
(আছে) এখনও বহুত গাধা গো!
তবে মিছে কেন গোল,   বল হরিবোল,
(আর) রবেনাক ভব ভাবনা।
দেখি হরির কৃপায়   দশজনে খায়
(তবে) আমরাই কেন খাব না!

গা গমা II মা পা পা | পা -া পা I মা ধা পা | মপা গা মা I
এ বার্ হ য়ে ছি হি - ন্দূ ক রু ণা সি - ন্ধু

মা -া মা | মা মা পা I গা পা মা | -া
গো - বি ন্দ জী কে ভ জি হে -

না না I না র্সা র্সা | র্সা র্সা র্সা I র্সা র্গা র্রর্গর্রা | র্সা না না I র্সা র্সা না | ধা পা ধপমগা I
এ থন্ ক রি দি বা রা তি দু পু রে ডা কা তি প্রে ম সু ধা র সে

গা মা পধা | না র্সা র্রা I নর্রা র্সা না | ধা পা ধপমগা I গা মা পধা | না ধা পমগা II
ম জি হে শ্যা ম প্রে ম সু ধা র সে ম জি হে এ বা র্

গা মা I মা পা পা | পা পা ধপা I মা ধা পা | মপা গা মা I
এ খন্ মু র্ গী খা ই না কে ন না পা ই না
আ হা কি ম ধু র টি কী আ - র্য্য ঋ ষি কি
ল য়ে ভি - ক্ষা র্ ঝু লি নি র্ ভ য়ে তু লি

মা -া মা | মা মা পা I গা পা মা -া
(তবে) হ য় য দি বি না খ র চে ই
(এই) বা নি য়ে ছি লেন্ ই কল্ গো - -
(ওগো) ধ র্ মে র না মে চাঁ দা গো -

না না I না র্সা র্সা | র্সা র্সা -া I র্সা র্গা র্রগর্রা | র্সা না -া I
আ হা জা ন ত আ মা র্ স্ব ভা ব উ দা র্
আ মি জী ব নের্ ই সা র্ ক' রে ছি আ মা র্
সে যে আ প না র্ ঘা ড়ে আ প্নি ই বা ড়ে অথচ
অথচ সে স ব্ এ ক্ দ ম্ ক রি ছে হ জ ম্
দে য়্ হ রি না ম শু নে টা কা হা তে গুণে আছে
দে খ হ রি র কৃ পা য়্ দ শ জ নে খা য়্

{র্সা র্সা না | ধা পা ধপমগা I গা মা পধা | না (র্সা র্সা)} I ধা পমগা
গো প নে না হি ক অ রু চি - তা তে এ বা র্
ফোঁ টা মা লা আ র্ টি কি গো - আ হা আ হা -
চ তু র্ ব - র্গ ফ ল্ গো - অথচ সে আ হা -
বি ষ ম হ জ মি গু লি এ - এম্ নি ল য়ে -
এ খন্ ও ব হু - ত গা ধা গো - আ ছে ত বে -
আ ম রা ই কে ন খা ব না - ত বে এ বা র

সা সা I সা সা -া | সা রগা মপা I মা গা -া | গা রগা গা I মা -া মা | মা ধা পা I গা পা মা -া
এ খন্ ঘো ষে র্ নি ক ট বো সে র্ নি কট্ হিন্দু ধ - র্ম শা - স্ত্র শি খি গো -
আ হা এ ম ন ক ম্র - এ ম ন ন ম্র আছে গো প নে পি ছ নে ঝু লি য়ে -
ত বে কে ন মি ছে গো ল্ ব ল হ রি বোল্ আর্ র বে না ক ভ ব ভা ব না -

---

কবি

তাল—চতুর্মাত্রিক

আমি একটা উচ্চ কবি, এমনই ধারা উচ্চ,—
শেলি, ভিক্টর, হিউগো, মাইকেল আমার কাছে তুচ্ছ।
আমি নিশ্চয় কোনরূপে স্বর্গ থেকে চস্‌কে
পড়েছি এ বঙ্গভূমে বিধাতার হাত ফস্‌কে !
(কোরাস্)—মর্ত্যভূমে অবতীর্ণ 'কুইলের' কলম হস্তে,
কে তুমি হে মহাপ্রভু ?—নমস্তে নমস্তে !

আমি লিখ্‌ছি যে সব কাব্য মানব জাতির জন্যে,
নিজেই বুঝি না তার অর্থ, বুঝ্‌বে কি তা' অন্যে !
আমি যা লিখেছি এবং আজকাল যা সব লিখ্‌ছি ;
সে সব থেকে মাঝে মাঝে আমিই অনেক শিখ্‌ছি।
(কোরাস্)—মর্ত্যভূমে—ইত্যাদি।

আমার কাব্যের উপর আছে আমার অসীম ভক্তি ;
আমি ত লিখ্‌ছি না সে সব, লিখ্‌ছেন বিশ্ব-শক্তি ;
তাইতে আমি লিখে যাচ্ছি কাব্য বস্তা বস্তা—
পা'বে গুরুদাসের নিকট ওজনদরে শস্তা।
(কোরাস্)—মর্ত্যভূমে—ইত্যাদি।

আমি নিশ্চয়ই এইছি বিশ্বে বোঝাতে এক তত্ত্ব—
(যদিও তায় নেইক বড় বেশী নূতনত্ব)
যে, ব্রহ্মাণ্ড এক প্রকাণ্ড অখণ্ড পদার্থ,
—আমি না বোঝালে তাহা ক'জন বুঝ্‌তে পারত ?
(কোরাস্)—মর্ত্যভূমে ইত্যাদি।

এখন বেদব্যাসের বিশ্রাম, অদ্য বড়ই গ্রীষ্ম,
তোমাদিগের মঙ্গল হউক, ভো ভো ভক্ত শিষ্য !
এখন কর গৃহে গমন নিয়ে আমার কাব্য,
আমি আমার তপোবনে এখন একটু ভাব্‌ব।
(কোরাস্)—মর্ত্যভূমে—ইত্যাদি।

সা রা সা রা | সা রা সা রা I গা মা গা রা | মা গা -া -া I
আ মি এক্ টা উ চ্চ ক বি এম্ নি ধা রা উ চ্চ - -
আ মি লিখ্ ছি যে সব কা ব্য মা নব জা তির জ ন্যে - -
আ মার্ কা ব্যের উ পর আ ছে আ মার অ সীম ভ ক্তি - -
আ মি নি শ্চয় এই ছি বি শ্বে বো ঝা তে এক্ ত ত্ত্ব - -
এ থন্ বে দ ব্যা সের বি শ্রাম্ অ দ্য ব ড়ই গ্রী ষ্ম - -

গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা রা -া -া I
শে লি ভি ক্টর্ হিউ গো মাই কেল্ আ মা কা ছে তু চ্ছ - -
নি জেই বু ঝি না তার অ র্থ বুঝ্ বে কি তা অ ন্যে - -
আ মি ত লিখ্ ছি না সে সব লিখ্ ছেন্ বি শ্ব শ ক্তি - -
য দি ও তায়্ নেই ক ব ড় বে শী নূ ত ন ত্ব - -
তো মা দি গের্ ম ঙ্গল্ হ উক্ ভো ভো ভ ক্ত শি ষ্য - -

র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I পা ধা পা না | ধ্পা গা -া -া I
আ মি নি শ্চয় কো নও রূ পে স্ব র্গ থে কে ঢস্ কে - -
আ মি যা লি খে ছি এ বং আজ কাল্ যা সব্ লিখ্ ছি - -
তাই তে আ মি লি খে যা চ্ছি কা ব্য ব স্তা ব স্তা - -
যে ব্র হ্মা ণ্ড এক্ প্র কা ণ্ড অ খ ণ্ড প দা র্থ - -
এ খন্ ক র গৃ হে গ মন্ নি য়ে আ মার্ কা ব্য - -

রা গা গা না | না না না না I ধা না না র্রা | র্সা র্সা -া -া II
প ড়ে ছি এ ব ঙ্গ ভূ মে বি ধা তার হাত্ ফস্ কে - -
সে সব্ থে কে মা ঝে মা ঝে আ মিই অ নেক্ শিখ্ ছি - -
পা বে গু রু দা সের নি কট্ ও জন্ দ রে স স্তা - -
আ মি না বো ঝা লে তা হা ক জন্ বুঝ্ তে পা রত - -
আ মি আ মার ত পো ব নে এ খন্ এক্ টু ভাব্ ব - -

II র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I না না ধা পা | মা মা -া -া I
ম র্ত্য ভূ মে অ ব তী র্ণ কুই লের্ ক লম্ হ স্তে -া -া

না ধা ধা পা | গা গা রা সা I গা গা রা ন্‌া | রা সা -া -া I
কে তু মি হে ম হা প্র ভু ন ম স্তে ন ম স্তে - -

স্ত্রীর উমেদার

তাল—ত্রিমাত্রিক

যদি জান্‌তে চান্ আমি ঠিক কী রকম স্ত্রী চাই—
ফর্সা কি কালো কি মাঝারী রঙ্,
লম্বা কি বেঁটে কি ক্ষীণা, পীনা,
দেখ্‌তে ঠিক পরী কি দেখ্‌তে ঠিক সঙ্;
শোন—তা'তে আমার আসে যায়নাক অধিক,
চল্‌তে জানে যদি বাঁচিয়ে ক'দিক,
তার ওপর ডাকে আমায় সোহাগে—
"পোড়ার-মুখো আপদ, ও হতভাগা!"
তা'হ'লে হাঃ হাঃ—সে তো সোনায় সোহাগা!

কপাল এক রত্তি বা কপাল গড়ের মাঠ
ভ্রূ পুষ্পধনু কি ভ্রূ যষ্টিবৎ,
নীলাঞ্জনেত্রা কি সে মার্জারাক্ষী—
তা, খুব যায় আসে না, আমার এ মত।
যদি স্বামীরে কটু সে কয়নাকো বেজায়,—
কথায় কথায় পিতৃগৃহে না সে যায়,
তার ওপর ডাকে আমায় সোহাগে—
"পোড়ার-মুখো আপদ, ও হতভাগা!"
তা'হ'লে হাঃ হাঃ - সে তো সোনায় সোহাগা!

বিম্বাধরা হোক্ কি কাফ্রীবদোষ্ঠা,
সুদীর্ঘকেশী কি মাথায় টাক,
সুপংক্তিদন্তা কি গজেন্দ্র দংষ্ট্রা,
বংশীবৎ নাসা কি চাইনীজি নাক;

কেবল—যদি সে করে কম তর্ক ও ক্রন্দন,
তার উপর হয় যদি সুচারু রন্ধন,—
তার উপর ডাকে আমায় সোহাগে—
"পোড়ার-মুখো আপদ, ও হতভাগা!
তা'হ'লে হাঃ হাঃ—সে তো সোনায় সোহাগা!

গজেন্দ্র-গামী কি ভেকপ্রলম্ফী,
গাহে সে মিঠে কি ডাকে সে কাক,
বিদ্যায় বাণী কি বিদ্যায় রম্ভা;
সর্ব্বাঙ্গ থাক কিংবা নাই সে থাক;—
যদি রাখে না খোঁজ স্বামী খায় ভাঙ্ কি চরস্,
ভাণ্ডার, পুত্রাদি রক্ষায় সরস,—
তার ওপর ডাকে আমায় সোহাগে—
"পোড়ার-মুখো আপদ, ও হতভাগা!"
তা'হ'লে হাঃ হাঃ—সে তো সোনায় সোহাগা!

বসন কম ছেঁড়ে ও বাসন কম ভাঙে,
গয়না সে কদাচিৎ দুই এক খান চায়,
খরচপত্র একটু গুছিয়ে করে,
অল্পই ঘুমায় ও অল্পই খায়;
যদি তার উপর হয় একটু চলনসই গড়ন,
আর যদি হয় একটু বোকাটে ধরণ,—
তার উপর ডাকে আমায় সোহাগে—
"পোড়ার-মুখো আপদ, ও হতভাগা!"
তা'হ'লে হাঃ হাঃ—সে তো সোনায় সোহাগা!

সা রা I গা গা গা | গা গা গা I পা পা পা | রা রা -া I র্সা র্সা ধা | পা গপা গা I গা রগা রা | সা -া -া I
য দি জা ন্তে চান্ আ মি ঠিক্ কী র কম্ স্ত্রী চা ই ফ র্সা কি কা লো কি মা ঝা রী র ঙ্ -
ক পাল্ এক্ র ত্তি বা ক পাল্ গ ড়ের মা ঠ্ ভ্রূ পু ষ্প ধ নু কি ভ্রূ য ষ্টি ব ৎ -
বি ম্বা ধ রা হোক্ কি কা ক্রী ব দো ষ্ঠা - সু দী র্ঘ কে শী কি মা থা য় টা ক্ -
গ জে ন্দ্র গা মী কি ভে ক প্র ল ম্ফী - গা হে সে মি ঠে কি ডা কে সে কা ক্ -
ব সন্ কম্ ছেঁ ড়ে ও বা সন্ কম্ ভা ঙ্গে - গয়্ না সে ক দা চিৎ দুই এক্ খান্ চা য়্ -

র্সা র্সা র্সা | র্সা র্সা র্রসা I না ধা না | ধা পা -া I রা গা পা | ধা না না I ধা না র্রা | র্সা -া
ল ম্বা কি বেঁ টে কি ক্ষী ণা কি পী না - দেখ্ তে ঠিক্ প রী কি দেখ্ তে ঠিক্ স ঙ্
নী লা ব্জ নে ত্রা কি সে মা র্জা রা ক্ষী - তা খুব্ যায় আ সে না আ মার্ এ ম ত্
সু পং ক্তি দ ন্তা কি গ জে ন্দ্র দং ষ্ট্রা - বং শী বৎ না সা কি চাই নী জি না ক্
বি দ্যা য়্ বা ণী কি বি দ্যা য় র ম্ভা - স র্বা ঙ্গ থা ক কি না ই সে থা ক্
খ রচ্ প ত্র এক্ টু গু ছি য়ে ক রে - অ ল্প ই ঘু মায়্ ও অ ল্প ই খা য়্

র্সসা I র্সা র্সা না | না ধা ধা I না ধা পা | মা গা -া I র্সা না ধা | পা মা পা I না ধা পা | মা গা -া II
শোনো তা তে আ মার্ আ সে যায় না কো অ ধি ক চল্ তে জা নে য দি বাঁ চি য়ে ক দি ক্
য দি স্বা মী রে ক টু সে কয় না ক বে জা য় ক থায় ক থায় পি তৃ গৃ হে না সে যা য়
কে বল্ য দি সে ক রে কম্ ত র্ক ও ক্র ন্দ ন্ তার্ ও পর হয় য দি সু চা রু র ন্ধ ন
য দি রা খে না খোঁজ স্বা মী খায় ভাঙ কি চ র স্ ভা ণ্ডা র(ও) পু ত্রা দি র ক্ষা য় স র স
য দি তার্ ও পর্ হয়্ এক্ টু চ লন্ সই গ ড় ন্ আর য দি হয়্ এক টু বো কা টে ধ র ণ

II পা পা পা | রা রা -া I রা গা ন্া | রা সা -া I রা গা পা | ধা না না I ধা না র্রা | র্সা র্সা -া I
তার ও পর্ ডা কে - আ মায় সো হা গে - পো ড়ার মু খো আ পদু ও হ ত ভা গা -

!!
র্সা র্সা ধা | ধা পা পা I গা মা গা | মা গা -া I
তাহ লে হাঃ হাঃ সে তো সো নায় সো হা গা -

প্রাণান্ত

তাল—চতুর্মাত্রিক

প্রাণ রাখিতে সদাই যে প্রাণান্ত ;
জন্মিতে কে চাইত যদি আগে সেটা জান্‌ত।
ভোরে উঠেই ঘুমটি নষ্ট, তার পরেতে যে সব কষ্ট,
বর্ণিতে অক্ষম আমি সে সব বৃত্তান্ত।
স্নানাদির পর নিত্য নিত্য ক্ষুধায় জ্ব'লে যায় পিত্ত ;
খেতে বস্‌লে চর্বণ করতে করতে পরিশ্রান্ত ;
যদিই বা খাই যথাসাধ্য, খেলেই যায় ফুরায়ে খাদ্য ;—
পান্ত আন্‌তে লবণ ফুরায়, লবণ আন্তে পান্ত।

দিনে গা গড়াবামাত্র, বসে মাছি সর্ব গাত্র,—
রাত্রে মশার ব্যবহারও অভদ্র নিতান্ত ;
তদুপরি ভার্যার অর্ধরজনীতে গয়নার ফর্দ,—
নাসিকা ডাকা পর্য্যন্ত নাহি হ'ন ক্ষান্ত !
কিনিলেই কোনও দ্রব্য, দাম চাহে যত অসভ্য ;
রাস্তা জুড়ে বোসে আছে পাওনাদার দুর্দান্ত।
বিয়ে করলেই পুত্র কন্যা আসে যেন প্রবল বন্যা ;
পড়া'তে আর বিয়ে দিতে হই সর্বস্বান্ত।

II গা মা গা ঋা | সা ন্‌া সা ঋা I গা -া মা -া | পমা পমা পমা পা II
রা খি তে স দা ই যে প্রা ণা ন্‌ ত - - - প্রা ণ্‌

I মা ধা ধা ধা | ণা ধা ক্ষা মা I গা মা ক্ষা মা | গা ঋা গমা মপা II
জ ন্মি তে কে চাই ত য দি আ গে সে টা জা ন ত প্রাণ

মা পা মগা মা | পা দা পা পা I পা দা না র্সা | নর্সা না দা পা I
ভো রে উ ঠেই ঘুম্‌ টি ন ষ্ট তার প রে তে যে সব্‌ ক ষ্ট
স্না না দির্‌ পর্‌ নি ত্য নি ত্য ক্ষু ধায়্‌ জ্ব লে যা য়্‌ পি ত্ত
য দিই বা খাই য থা সা ধ্য খে লেই যায়্‌ ফু রা য়ে খা দ্য
দি নে গা গ ড়া বা মা ত্র ব সে মা ছি স র্ব গা ত্র
ত দু প রি ভা র্যার্‌ অ র্ধ র জ নী তে গয়্‌ নার্‌ ফ র্দ
কি নি লেই কো ন ও দ্র ব্য দাম্‌ চা হে য ত অ স ভ্য
বি য়ে কর লেই পু ত্র ক ন্যা আ সে যে ন প্র বল্‌ ব ন্যা

দা	দা	দা	দা	|	পা	দা	পা	মা	I	গা	মা	পা	মা	|	গা	ঋা	গমা	পমা	II
ব	র্ণি	তে	অ		ক্ষ	ম	আ	মি		সে	স	ব	বৃ		ত্তা	ন্	ত	প্রাণ	
খে	তে	বস্	লে		চ	র্বণ	কর	তে		কর	তে	প	রি		শ্রা	ন্	ত	প্রাণ	
পান্	ত	আ	ন্তে		ল	বণ্	ফু	রায়্		ল	বণ্	আ	ন্তে		পা	ন্	ত	প্রাণ	
রা	ত্রে	ম	শার		ব্য	ব	হার	ও		অ	ভ	দ্র	নি		তা	ন্	ত	প্রাণ	
না	সি	কা	ডা		কা	প	র্য	ন্ত		না	হি	হ	ন্		ক্ষা	ন্	ত	প্রাণ	
রা	স্তা	জু	ড়ে		ব	সে	আ	ছে		পাও	না	দার	দু		র্দা	ন্	ত	প্রাণ	
প	ড়া	তে	আর		বি	য়ে	দি	তে		হ	ই	স	র্ব		স্বা	ন্	ত	প্রাণ	

প্রণয়ের ইতিহাস

তাল—পঞ্চমাত্রিক

প্রথম যখন বিয়ে হ'ল, ভাব্‌লাম বাহা বাহা রে !
কি রকম যে হ'য়ে গেলাম, বল্‌বো তাহা কাহারে !
—ভাব্‌লাম বাহা বাহা রে !

এম্‌নি হ'ল আমার স্বভাব, যেন বা খাঞ্জাখাঁ নবাব ;
নেইক আমার কোনই অভাব ; পোলাও কোর্মা কোপ্তা
কাবাব,রোচেনাক আহারে ;—ভাবলাম বাহা বাহা রে!

ভাব্‌তাম গোলাপ ফুলের মত ফুটে আছে
প্রিয়ার মুখ,
দূরে থেকে দেখ্‌বো শুধু, শুঁক্‌বো শুধু গন্ধ টুক্‌ ;
রাখ্‌বো জমা প্রেমের খাতায়, খরচ মোটে
কর্‌বো না তায়,
রাখ্‌বো তারে মাথায় মাথায়, বুঁজ্‌বো নাক
আঁখির পাতায় ;—
হারাই পাছে তাহারে ।—ভাব্‌লাম বাহা বাহা রে !

শঙ্কা হ'ত প্রিয়া পাছে কখন ক'রে অভিমান,
উর্বশীর ন্যায় পেখম তুলে হাওয়ার সঙ্গে মিশে যান ;
নকল নবিশ প্রেমের পেশায়, হ'য়ে রৈতাম
বিভোর নেশায়,
প্রাণের সঙ্গে দিয়ে কে সায়, খাম্বাজ সঙ্গে
বেহাগ মেশায় ;—
মরি মরি আহা রে !—ভাব্‌লাম বাহা বাহা রে !

দেখ্‌লাম পরে চাঁদের করে নেহাইৎ প্রিয়া
তৈরি নন,
বচন-সুধায় যায় না ক্ষুধা, বরং শেষে জ্বালাতন,
যদি একটু দাবা খেলায়, আস্‌তে দেরি
রাত্রির বেলায়,
অমনি তর্ক গুরু চেলায়, পালাই তাঁহার
বকুনির ঠেলায়—
পগারে কি পাহাড়ে ।—ভাব্‌লাম বাহা বাহা রে !

দেখ্‌লাম পরে প্রিয়ার সঙ্গে হ'লে আরো পরিচয়,
উর্বশীর ন্যায় মোটেই প্রিয়ার উড়ে যাবার
গতিক নয় ;
বরং শেষে মাথার রতন নেপ্টে রইলেন আঠার মতন ;
বিফল চেষ্টা বিফল যতন, স্বর্গ হ'তে হোলো পতন—
রচেছিলাম যাহারে ।
—ভাব্‌লাম বাহা বাহা রে ।

তাল—পঞ্চমাত্রিক

সা গা গমা [র]গা -া | [প]মা মা গা [র]সা -া I গা গা গমা [র]গা -া | মা পা গপা মা -া I
প্র থম্ য থ ন্ বি য়ে হো লো - ভাব্ লাম্ বা হা - বা হা রে - -

না না না না -া | না র্সা র্সনা র্রর্সা নর্সা I ধা ণা ধা ণধা ণা | পধা র্সণা ধা -া -া I
কি র কম্ যে - হ য়ে গে লা ম্ বল্ বো তা হা - কা হা রে - -

[প]মা মা গমা রগা -া | মা পা গপা মা -া II
ভাব্ লাম্ বা হা - বা হা রে - -

মা পা না না র্সা | র্সা র্সা র্সনা র্রসা নর্সা I ধা ণা ধা ণধা ণা | পধা র্সা ণা ধা -া I
এম্ নি হো লো - আ মার্ স্ব ভা ব্ যে ন বা খা - গ্গা খাঁ ন বা ব্
রাখ্ বো জ মা - প্রে মের্ খা তা য়্ খ রচ্ মো টে - কর্ বো না তা য়্
ন বল্ ন বি শ্ প্রে মের্ পে · শা য়্ হ' য়ে রৈ তু ম্ বি ভোর্ নে শা য়্
য দি এক্ টু - দা বা খে লা য়্ আস্তে দে রী - রা ত্তির্ বে লা য়্
ব রং শে যে - মা থার্ র ত ন্ নেপ্ টে রৈ লে ন্ আ ঠার্ ম ত ন্

[প]মা মা গরা গা -া | মা পা পক্ষা ধপা ক্ষপা I মগা মা পা ধা -া | ধা ধা ধণা পধা র্সণা I
নেই ক আ মা র্ কো নোই অ ভা ব্ পো লাও কো র্মা - কো প্তা কা বা ব্
রাখ্ বো তা রে - মা থায়্ মা থা য়্ মুদ্ বো না কি - আঁ খির্ পা তা য়্
প্রা ণের্ স ঙ্গে - দি য়ে কে সা য়্ খা স্বাজ্ স ঙ্গে - বে হাগ্ মে শা য়্
অম্ নি ত র্ক - গু রু চে লা য়্ পা লাই তাঁ র ব কু নির্ ঠৈ লা য়্
বি ফল চে ষ্টা - বি ফল্ য ত ন্ স্ব র্গ হ' তে - হো লো প ত ন্

ধা ণা ণধা ণধা ণা | পধা র্সণা ধা -া -া I মা মা গমা রগা -া | মা পা গপা মা -া II
রো চে না ক - আ হা রে - - ভাব্ লাম্ বা হা - বা হা রে - -
হা রাই পা ছে - তা হা রে - - „ „ „ „ - „ „ „ - -
ম রি ম রি - আ হা রে - - „ „ „ „ - „ „ „ - -
প গা ড়ে কি - পা হা ড়ে - - „ „ „ „ - „ „ „ - -
র চে ছি লা ম্ যা হা রে - - „ „ „ „ - „ „ „ - -

সা গা গমা রগা -া | মা পা পক্ষা ধপা ক্ষপা I মগা মা পা ধা ণা | পধা র্সণা ধা -া -া I
ভাব্ তাম্ গো লা প্ ফু লের্ ম ত ন্ ফু টে আ ছে - প্রি য়ার মু - খ্
শ ঙ্কা হো তো - পা ছে প্রি য়া - ক থন্ ক রে - অ ভি মা - ন্
দেখ্ লাম্ প রে - চাঁ দের্ ক রে - নে হাইৎ প্রি য়া - তৈ রী ন - ন্
দেখ্ লাম্ প রে - প্রি য়ার্ স ঙ্গে - হ' লে আর ও - প ৲ রি চ - য়্

র্সা না র্সা র্সা র্রা | ধর্সা ণা ধা পা -া I ধা পা মগা রগা -া | মা পা গপা মা -া I
দূ রে থে কে - দেখ্ বো শু ধু - শুঁক্ বো শু ধু - গ ন্ধ টু - ক্
উ র্ব শীর্ স্থা য়্ পে খম্ তু লে - হাও য়ার্ স ঙ্গে - মি শে যা - ন্
ব চন্ সু ধা য়্ যায়্ না ক্ষু ধা - ব রং শে ষে - জ্বা লা ত - ন্
উ র্ব শীর স্থা য়্ মো টেই প্রি য়া র্ উ ড়ে যা বা র্ গ তিক্ ন - য়

প্রেমতত্ত্ব

তাল—ত্রিমাত্রিক

তারেই বলে প্রেম—
যখন থাকে না futureএর চিন্তা, থাকেনাক shame—
তারেই বলে প্রেম।
যখন বুদ্ধি শুদ্ধি লোপ;
যখন past all surgery আর যখন past all hope,
তারে ভিন্ন জীবন ঠেকে যখন ভারি tame;—
তারেই বলে প্রেম।

দুপুর রাত্তির কিংবা দিন,
ঝড় কি বৃষ্টি, রদ্দুর—when it doesn't care a pin;
হোক্ সে কাফ্রী কিংবা ম্যাম,
মুচি, মুদী, মুদ্দফরাস, when it doesn't care a 'damn',
Blind কি bald, কি deaf কি dumb, কি hunch-back কিংবা lame!—
তারেই বলে প্রেম।

রাস্তায় সর্প কিংবা ব্যাং,
পাহাড়, বন কি বাঘ কি ভাল্লুক,—
when it doesn't care a hang ;
কাজ্‌টি অন্যায় কিংবা ঠিক,
ঠাট্টা হোক্ কি নিন্দা হোক্,when it doesn't care a kich ;
মরি কিংবা বাঁচি, when it is very much the same ;—
তারেই বলে প্রেম।

I ৷ ৷ II মা | রজ্ঞা সা ঋা I মা -া মা | রজ্ঞা সা ঋা I সা -া -া | -া সা সা I
০ ০ তা রেই ব লে প্রে ম্ তা রেই ব লে প্রে ম্ - - য খন

সা দা -া | পা পা -া I পা পদা ণা | দণদা পা মজ্ঞা I রজ্ঞা -া মা | পা ণদা মমা I
থা কে - না ফি উ চা রে র্ চি ন্ -া তা - - থা কে না কো

মজ্ঞা রজ্ঞা II মা দা I জ্ঞা -া মা | ণদা ণদা ণা I র্সা -া -া | -া সা র্সা I
শে ম্ য খন বু দ্ ধি শু দ্ ধি লো - - প্ য খন

র্জ্ঞা -া -া | র্জ্ঞা -া -া I র্ঋা -া র্ঋা | র্সা ণদা ণদা I দা ণা -া | র্সা র্জ্ঞর্ঋা -া I
পা স্ টু অ - ল্ সা র্ জা রি আ র পা স্ ট্ অ - ল্
মু চী - মু দী - মু দ্ দ ফরাস্ হোয়েন্ ইট্ ড জ্ ণ্ট্ কে য়া রে
ঠা ট্ টা হো ক্ কি নি ন্ দা হোক্ হোয়েন্ ইট্ ড জ্ ণ্ট্ কে য়া রে

র্সা -া -া | -া -া -া I র্সা র্সা -া | র্ঋা -া র্সা I ণা ধণা -া | দা পা জ্ঞা I
হো - - - - প্ তা রে - ভি ন্ ন জী ব ন্ য খ ন্
ড্যা - - - - ম্ ব্লা ট ও্ কি বল্‌ড্ কি ডে য় কি ডা ম্ব্ কি
কি - - - - ক্ ম রি - কি ম্ বা বাঁ চি - হোয়েন্ ইট্ ইজ্

মা পা ণা | -া দা পা I মজ্ঞা মজ্ঞা II
ঠে কে - - ভা বি টে ম্
হা ঞ্চ্ ব্যা ক্ কিম্ বা লে ম্
ভে - রি - মাচ্ দি সে ম্

মা দা I জ্ঞা -া মা | ণদা ণদা ণা I র্সা -া -া | -া -া -া I
হোক্ সে কা - ক্রী কিম্ - বা ম্যা - - - - ম্
কাজ্ টি অ - ন্যায় কিম্ - বা ঠি - - - - ক্

সা সা I র্সা -া ণা | পণা -া দা I পা -া -া | -া -া -া I র্সা -া ণা | দা -া পা I
হু পুর্ রা - ত্তির্ কি ম্ বা দি - - - - ন্ ঝ ড় কি বৃ ষ্ টি
রা স্তায় স র্ প কি ম্ বা ব্যা - - ? - ঙ্ পা হা ড় ব ন কি

ণা -া দা | পা -া মা I জ্ঞা মা -া | জ্ঞা -া ঋা I সা -া -া | -া -া -া I
রো দ্ দুর হো য়েন্ ইট্ ডজ্ ন্ট্ - কে য়া রে পি - - - - ন্
বা ঘ কি ভালুক হোয়েন ইট্ ডজ্ ন্ট্ - কে য়া রে হ্যা - - - - ঙ্

নূতন চাই

তাল—ত্রিমাত্রিক

পুরানো হোক্, ভালো হাজার,
হায় গো, এমনি কলির বাজার,
মাঝে মাঝে নূতন নূতন নৈলে কারো চলে না ;
নিত্যই পোলাও কোর্ম্মা আহার
বল ভালো লাগে কাহার ?
আমার ত তা' দুদিন পরে গলা দিয়ে গলে না।
দু'চার বর্ষ হ'লে অতীত,
চাষায় জমি রাখে পতিত ;
নইলে সে উর্বরা হ'লেও বেশী দিন আর ফলে না ;

নিত্যই যদি কার্য্য না পাই,
প্রাণটা করে হাঁফাই হাঁফাই ;
যদিও ঘুমিয়ে থাক্লেও কেউই কিছুই বলে না।
ক্রমাগত টপ্পা খেয়াল,
ডাকে যেন কুকুর শেয়াল ;
প্রত্যহ অপ্সরা দেখ্লে তাতে আর মন টলে না ;
এক স্ত্রী নিয়ে হ'লে কারবার,
ঝালিয়ে নিতে হয় দু'চারবার—
বিরহ আহুতি ভিন্ন প্রেমের আগুন জ্বলে না।

II সা I মা মা মা | মা মা -া I মা মা -া | পা গা গা I পা মা মা | গা মা গা I রা সা -া | -া -া
পু রা নো হোক্ ভা লো - হা জা - - র হায় গো এম্ নি ক লি র বা জা র o o

সা I সা সা ন্া | সা সা -া I রা গা -া | মা -া পা I মা মা -া | গা -া -া I রা -া গরা | সা -া II
মা ঝে মা ঝে নূ ত ন্ নূ ত ন্ ন ই লে কা রো - চ - - লে - - না - -

মা -া ধা | ধা ধা না I না -া র্সা | র্রা র্সা -া I না না র্রা | র্সা র্সা র্রা I না র্সা না | ধা পা -া I -া -া
নি - ত্যই পো লা ও কো - র্মা আ হা র ব ল - ভা লো - লা গে - কা হা র্ o o
দু চা র্ ব - র্ষ হ' লে - অ তী ত্ চা ষা য় জ মি - রা খে - প তি ত্ o o
নি ত্য ই য দি - কা - র্য্য না পা ই প্রা ণ্ টা ক রে - হাঁ ফা ই হাঁ ফা ই - o
ক্র মা - গ ত - ট প্ পা খে য়া ল্ ডা কে - যে ন - কু কু র শে য়া - - ল
এ ক্ স্ত্রী নি য়ে - হ' লে - কার্ বা র ঝা লি য়ে নি তে - হ য়্ দু চার বা - - র্

র্সা | র্সা র্সা র্রা I না র্সা না | ধা পা -া I পা পা না | ধা পা -া I
আ মার্ ত তা দু দি ন্ প রে - গ লা - দি য়ে -
নই লে সে উ র্ব রা - হ লে ও বে শী - দিন্ আ র্
য দি ও ঘু মি য়ে - থাক্ লে ও কেউ ই - কি ছু ই
প্র ত্য হ অপ্ স রা - দেখ্ লে ও তা তে - আর ম ন
বি র হ আ হু তি - ভি ন্ ন প্রে মে র আ গু ন

মা -া -া | পধা পা -া I মা গা -া | মা পা -া I
গ - - লে - - না - - - - -
ফ - - লে - - না - - - - -
ব - - লে - - না - - - - -
ট - - লে - - না - - - - -
জ্ব - - লে - - না - - - - -

গা মা গা | -া রা -া I সা -া ন্া | সা রা মা I মা -া -া | -া পা মা I
ন ই লে - কা - রো - - চ লে - না - - - - -

সবই মিঠে

রামপ্রসাদী ঝিঁঝিট—ত্রিমাত্রিক

আমার প্রিয়ার হাতের সবই মিঠে।
তা, রং হোক্ মিশ্ মিশে বা ফিট্‌ফিটে।
মিষ্টি—প্রিয়ার হাতের গয়না গুলি, মিষ্টি চুড়ির
ঠুন্‌ঠুনিটে।
যদিও সে, গয়না দিতে অনেক সময় ঘুঘু চরে
স্বামীর ভিটে'॥
প্রিয়ার—হাতের কুণো থেকে মিষ্টি তাঁর কনিষ্ঠ
অঙ্গুলিটে।
আর—সে করস্পর্শে অঙ্গে যেন দিয়ে যায় কেউ
চিনির ছিটে॥

আহা!—প্রিয়ার হাতের কিল্‌টিতেও মিষ্টি যেন
গিঁটে গিঁটে।
আর—প্রিয়ার হাতের চাপড় গুলি, আহা যেন
পুলিপিটে॥
আহা! খেজুর রসের চেয়েও মিষ্টি প্রিয়ার হস্তের
কান্নটিটে।
মধুর সব চেয়ে তাঁর সম্মার্জ্জনী—আহা যখন পড়ে
পিঠে॥

॥

II গা গমা পমা | গরা সা রা I গা গমা রগা | মা পা গগা I
প্রি য়া - র্ হা তের্ সব্ ই - মি ঠে আমার

গা গমা পমা | গরা সা রা I গমা রগা রগা | মা পা ধা I
প্রি য়া - র্ হা তের্ সব ই - মি ঠে -

মপা -া পা | পা পা -া I পা র্সা র্সা | না র্সনা ধা I
- তা রং হো ক মি শ্ মি শে - বা

পা ধা মা | মধা পমা পা II পপা I পা পা ধা | ধা ধা র্সা I
ফি ট্ ফি টে - - মিষ্টি প্রি য়া র্ হা তে র্

র্সা -া র্সা | না র্সনা ধপা I া া না | না সা র্রা I ধা র্সা র্সা |
গ য় না গু লি - ০ ০ মি ষ্টি চু ড়ির্ ঠু ন্ ঠু

র্সা সা প ধা I ধা র্সা র্সা | র্সা র্সা -া I র্সা র্সা -া | না র্সনা ধপা I
নি টে যদিও সে গ য় না দি তে - অ নে ক্ স ম য়

পা ধনা র্সর্রা | -া র্সা না I ধনা পা ধা | মা পা -া II
ঘু ঘু - - চ রে স্বা মী র ভি টে

বাকি শ্লোকগুলি এই সুরেই গেয়—"মিষ্টি··· ভিটে"-র মতন।

বুড়োবুড়ী

তাল—চতুর্মাত্রিক

বুড়োবুড়ী দু'জনাতে মনের মিলে সুখে থাক্‌ত।
বুড়ী ছিল পরম বৈষ্ণব, বুড়ো ছিল ভারি শাক্ত ॥
হ'ত যখন ঝগড়া ঝাঁটি, হ'ত প্রায়ই লাঠালাঠি।
ব্যাপার দেখে ছুটোছুটি, পাড়ার লোকে
পুলিশ ডাক্‌ত ॥
হঠাৎ একদিন 'দুত্তোর ব'লে, কোথা বুড়ো
গেল চ'লে।
বুড়ী তখন বুড়োর জন্যে কর্লে চক্ষু লবণাক্ত ॥
শেষে বছর খানেক পরে বুড়ো ফিরে এল ঘরে।
বুড়ী তখন রেঁধেবেড়ে তাকে ভারি খুসী রাখ্‌ত ॥
ঝগড়া ঝাঁটি গেল থেমে, মনের মিলে গভীর প্রেমে,
বুড়ী দিত দাঁতে মিশি, বুড়ো গায়ে সাবান মাখত ॥

II । । সা রা | সা -া মা -া I গা -া গা মা | গা রা গা -া I
০ ০ বু ড়ো বু - ড়ী - দু - জ - না - তে -

। । গা মা | পা -া পা -া I ধা -া মপা -া | মা -া গা -া I ॥
০ ০ ম নের্‌ মি - লে - সু - খে - থা ক্‌ ত -

। । গা মা | পা -া পা -া I পা ধা পধা র্সা | ণা -া ধা -া I
০ ০ বু ড়ী ছি - ল - প - র ম্‌ বৈ ষ্‌ ণ ব্‌

। । মা পা | মা -া ধা -া I পা -া মা পা | মা -া গা -া II
০ ০ বু ড়ো ছি - ল ভা - রি - শা ক্‌ ত -

। । মা পা | মা -া র্সা -া I ণা -া ধা ণা | ধা পা ধা -া I
০ ০ হ ত য খ ন ঝ গ ড়া - ঝাঁ - টি -

। । ধা ণা | র্সা -া র্সা -া I র্রা -া র্সা -া | ণা -া ধা -া I
০ ০ হ ত প্রা - য় ই লা - ঠা - লা - ঠি -

'ব্যাপার দেখে …… ডাকত', 'বুড়ী তখন …… লবণাক্ত', 'বুড়ী তখন রেঁধে … রাখ্‌ত' এবং শেষ চরণ 'বুড়ী দিত …… মাখ্‌ত' এই কয়টি চরণ বুড়ী ছিল … শাক্‌ত চরটির সুরে গেয়। 'হঠাৎ … চ'লে' 'শেষে …. ঘরে', 'ঝগড়া … প্রেমে' এই তিনটি অন্তরা হ'ত যখন ঝগড়াঝাঁটি 'হ'ত প্রায়ই লাঠালাঠি' চরণটি সুরে গেয়।

বিয়্যুৎ বারের বারবেলায়

তাল—ত্রিমাত্রিক

পারো তো জন্মোনা কেউ, বিয়্যুৎবারের
বারবেলায়।
জন্মাও ত সাম্‌লাতে পার্বেনাক তার ঠেলায়।
দেখ, বিয়্যুৎবারের বারবেলায় আমার জন্ম হইল ;
তাই দিল মোরে, কালো ক'রে, রোদে ধ'রে
মাখিয়ে মাখিয়ে তৈল।
দেখে মা কালো ছেলে, দিল ঠেলে, দিলনাক
মায়ের দুধ,
ক'রে দিল শরীর সরু, বুদ্ধি গরু, খাইয়ে খাইয়ে
গাইয়ের দুধ।
পরে, মিলে আমায় আটটা মামায়—বাবার সেই
আট শালায়,
হ'তে না হ'তে বড়, দিয়ে চড় পাঠিয়ে দিল
পাঠশালায়।
দেখে মোর গুরুমশাই (যেন কশাই)
বিদ্যেয় খাটো শম্মারে,
ক'রে দিল সেই ফাঁকে শরীরটাকে
পিটিয়ে পিটিয়ে লম্বা রে।
বাবা, আমি উঁচুদিকেই বাড়্‌ছি দেখে,
স্কুল থেকে ছাড়িয়ে নিল ;
দিল মোর চাকরি ক'রে, তারাও মোরে
দু'দিন পরে তাড়িয়ে দিল ;
দেখে মোরে চাকরিশূন্য, বাবা ক্ষুণ্ণ, বিয়ে দিতে
নিয়ে ঘরে গেল,
দেখে মোর শরীর লম্বা, বুদ্ধি রম্ভা, ক'নের দরও
চ'ড়ে গেল।
হায় গো! বিধি তুষ্ট সবায় তুষ্ট, রুষ্ট কেবল
আমার বেলা,
সে কেবল ফেল্‌লাম ব'লে জ'ন্মে ভুলে
বিয়্যুৎবারের বারবেলায়।

। । গা | গা গা -া II রা গা রা | রা রা -া I সা -া সা | সা ন্‌া সা I
০ ০ পা রো তো - জ ন্ মো না কে উ বি - য়্যুদ্ বা রে র্

॥
ধ্‌া সা সা | সা -া -া II । । সা | সা সা -া I মা -া মা | মা মা -া I
বা র্ যে লা - য় ০ ০ জন্ মাও তো - সা - ম্ লা তে -

মা -া মা | মা গা -া I রা মা মা | গা -া -া II । । । | । পা পা I
পা র্ বে না কো - তা র্ ঠে লা - য় ০ ০ ০ ০ শো নো

র্সা -া র্সা | র্সা র্সা -া I র্সা -া র্সা | র্সা র্সা -া I র্রা র্রা -া | র্সা -া না I
বি - দ্যুৎ বা রে র্‌ বা র্‌ বে লা তে - আ মা র জ ন্‌ ম

ধা র্সা র্সা | -া -া -া I -া -া মা | মা মা -া I পা পা -া | পা পা মা I
হ ই ল - - - - - - তাই দি ল - কা লো - ক' রে -

ধা ধা -া | পা পা -া I মা মা মা | মা মা গা I রা গা রগা | মা -া -া II
রো দে - ধ' রে - মা খি য়ে মা খি য়ে তৈ - ল - - -

া া সা | সা সা -া I মা মা -া | মা মা -া I পা পা মা | ধা পা -া I
০ ০ দে খে মা - কা লো - ছে লে - দি ল - ঠে লে -
০ ০ দে খে মো র্‌ গু রু - ম শা ই যে ন - ক শা ই
০ ০ দে খে মো র্‌ চা ক্‌ রী শূ - ন্য বা বা - ক্ষু - ণ্ন

া া মা | মা মা গা I রা মা গা | -া -া -া I া া গা | গা গা গা I
০ ০ দি ল না কো মা য়ের দু - - ধ ০ ০ ক রে দি ল
০ ০ বি ত্তেয় খা টো শ ম্বা রে - - - ০ ০ ক রে দি ল
বি য়ে দি তে নি য়ে ঘ রে গে ল - - ০ ০ দে খে মো র্‌

মা মা -া | গমা মা -া I গা -া গা | রগা গা -া I রা -া রা | সা -া ন্‌া I
শ রী র স রু - বু - দ্ধি গ রু - খা ই য়ে খা ই য়ে
শ রী র্‌ টা কে - সে - ই ফাঁ কে - পি টি য়ে পি টি য়ে
শ রী র্‌ ল ম্‌ বা বু - দ্ধি র ম্‌ ভা ক' নে র দ র ও

ধ্‌া সা সা | -া -া গা I রা -া রা | সা -া ন্‌া I ধ্‌া সা সা | -া -া -া I
গাই য়ের দু - - ধ্‌ খা ই য়ে খা ই য়ে গাই য়ের দু - - ধ্‌
ল ম্বা রে - - - পি টি য়ে পি টি য়ে ল ম্বা রে - - -
চ' ড়ে গে ল - - ক' নে র দ র ও চ' ড়ে গে ল - -

। । পপা I র্সা র্সা -া | র্সা র্সা -া I র্সা -া র্সা | র্সা র্সা -া I
০ ০ পরে মি লে আ মা য়্ আ ট্ টা মা মা -

-া -া র্রা | র্রা র্সা -া I র্সা -া র্সা | র্সা -া -া I -া -া
- য়্ বা বায়্ সে ই আ ট্ শা লা - - - য়্

মা | মা মা -া I পা পা -া | পা পা -া I -া -া মা | মা মা -া I পা পা -া | পা পা -া I
হ তে না - হ তে - ব ড় - - - হ তে না - হ তে - ব ড় -
সে কে ব ল্ ফে ল্ লাম্ ব' লে - - - সে কে ব ল ফে ল্ লাম্ ব লে -

ধা ধা -া | পা পা -া I মা মা মা | মা গা -া I রা -া গা | রগা মা -া II
দি য়ে - চ ড় - পা ঠি য়ে দি ল - পা ঠ্ শা লা - য়্
জ - ন্মে ভু লে ঐ বি - দ্যুৎ বা রে র্ বা র্ বে লা য়্

। । পা | পা পা পা I র্সা র্সা -া | র্সা র্সা -া I র্সা -া র্সা | র্সা র্সা -া I
০ ০ বা বা আ মি উঁ চু - দি কে ই বা ড়্ ছি দে খে -
০ ০ হা য়্ গো - বি ধি - দু - ষ্ট স বা য়্ তু - ষ্ট

র্রা -া র্রা | র্সা র্সা না I ধা র্সা র্সা | র্সা র্সা -া I
ই - স্কুল্ থে কে - ছা ড়ি য়ে নি ল -
রু - ষ্ট কে ব ল আ মা র্ বে লা -

। । মা | মা মা -া I পা পা -া | পা পা -া I -া -া মা | মা মা -া I পা পা -া | পা পা মা I
০ ০ দি ল মো র্ চা কৃ রি ক' রে - - - দি ল মো র্ চা কৃ রি ক' রে -

ধা ধা -া | পা পা -া I মা মা -া | মা গা -া I রা গা গা | গা রগা মা II
তা রা ও মো রে - দু দি ন প রে - তা ড়ি য়ে দি ল -

বিলেত

তাল—ত্রিমাত্রিক

বিলেত দেশটা মাটির, সেটা সোণার রূপার নয় ;
তার আকাশেতে সূয্যি উঠে, মেঘে বৃষ্টি হয় ;
তার পাহাড়গুলো পাথরের, আর গাছেতে ফুল
ফোটে ;—
—তোমরা বোধ হয় বিশ্বাস এটা করছ নাক মোটে ;
কিন্তু এসব সত্যি, এসব সত্যি, এসব সত্যি কথা ভাই,
তোমরাও যদি দেখ্‌তে, তা'লে তোমরাও ব'ল্‌তে
তাই।

সেথা পুঁটিমাছে বিয়োয় নাক টিয়াপাখীর ছা' ;
আর চতুষ্পদ সব জন্তুগুলোর চারটে চারটে পা ;
তাদের লেজগুলো সম্মুখে নয়, আর মাথাও নয়কো
পিছে ;
—তোমরা অবাক্ হ'চ্ছ, বোধ হয় ভাব্‌ছো এসব মিছে ;
কিন্তু এসব সত্যি, এসব সত্যি, এসব সত্যি কথা ভাই।
তোমরাও যদি দেখ্‌তে, তা'লে তোমরাও বল্‌তে
তাই।

সেথা পুরুষগুলো সব পুরুষ, আর ঐ মেয়েগুলো
সব মেয়ে ;
আর জোয়ান বুড়ো কচি, কেউ না বাঁচে হাওয়া
খেয়ে ;
তাদের মাথাগুলো সব উপর দিকে, পা-গুলো
সব নীচে ;
—তোমরা মুচ্‌কি হাস্‌চ বোধ হয় ভাব্‌ছ এসব মিছে ;
কিন্তু এসব সত্যি, এসব সত্যি, এসব সত্যি কথা ভাই,
তোমরাও যদি দেখ্‌তে, তা'লে তোমরাও ব'ল্‌তে
তাই।

সেথা বসনভূষণ কম্‌তি হ'লে স্বামীকে স্ত্রী বকে ;
আর নূতনেই প্রেম মিঠে থাকে, 'বাসি' হ'লেই টকে ;
আর আমোদ হ'লে হাসে তারা দন্ত ক'রে বাহির ;
—তোমরা ভাব্‌ছো করছি আমি মিথ্যে কথা জাহির ;
কিন্তু এসব সত্যি, এসব সত্যি, এসব সত্যি কথা ভাই,
তোমরাও যদি দেখ্‌তে, তা'লে তোমরাও ব'ল্‌তে
তাই।

তবে কিনা, দেশটা বিলেত, এবং জাতটা বিলিতি ;
কাজেই,—একটু সাহেবী রকম তাদের রীতি নীতি।
আর ঐ করে শুধু সাদা হাতে চুরি ডাকাতি সে ;
আর স্বামী স্ত্রীতে ঝগড়া করে বিশুদ্ধ ইংলিশে ;—
এই তফাৎ, এই তফাৎ, এই তফাৎ মাত্র, ভাই,
আর আমাদের সঙ্গে তাদের বিশেষ তফাৎ নাই।

ধ্‌ ধ্‌ । I সা সা -া | সা -া সা I সা সা -া | সা সা -া I ধ্‌ া সা -া | সা সা রা I রা -া -া | -া -া
দেখ বি লে ত্‌ দে শ্‌ টা মা টি র সে টা - সো ণা র্‌ রূ পো র্‌ ন য়্‌ - - -
সেথা পুঁ টি - মা ছে - বি য়ো য়্‌ না ক - টি য়া - পা খী র্‌ ছা - - - -
সেথা পু রুষ্‌ গু লো স ব্‌ পু রু - - ষ্‌ আর্‌ মে য়ে গু লো স ব্‌ মে য়ে - - -
সেথা ব স ন্‌ ভূ ষ ণ্‌ ক ম্‌ তি হ লে - স্বা মী - কে - স্ত্রী ব কে - - -
তবে কিনা দে - শ্‌ টা - বি লে - - - ত এবং জা - ত্‌ টা - বি লি তি - - -

গা I পা পা -া | পা পা -া I পা পা -া | পা পা -া I গা পা -া | পা -া ধা I ধা -া -া | -া -া
তার আ কা - শে তে - সূ - র্য্যি ও ঠে - মে ঘে - বৃ - ষ্টি হ - - - - য়
আর চ তু - ষ্প দ্ সব্ জ - ন্তু গু লো র চা র টে চা র টে পা - - - -
আর জো য়া ন্ বু ড়ো - ক চি - কে উ না বাঁ চে - হাও য়া - খে য়ে - - -
আর নৃ ত - নে ই প্রেম্ মি ঠে - খা কে - বা সি - হ লে ই ট কে - - -
কা জে ই এ ক্ টু সা হে বি র ক ম্ তা দে র রী তি - নী তি - - -

ধা I র্সা র্সা র্সা | র্সা র্সা -া I ধা ধা -া | ধা ধা -া I পা পা -া | পা পা -া I গা গা -া | -া-া-া
তার পা হাড় গু লো স ব পা থ - রে র আর গা ছে - তে ফু ল্ ফো টে - ---
তাদের লে জ গু লো স - মু খে - ও ন য় মা থা ও ন য় ক পি ছে - ---
তাদের মা থা গু লো স ব উ প র দি কে - পা - গু লো স ব নী চে - ---
আর আ মো দ হো লে - হা সে - তা রা - দ - ন্ত ক রে - বা হি - --র
আর ঐ ক রে - শু ধু - সা দা - হা তে - চু রি - ডা কা - তি সে - ---

গা -া গা | গা মা গা I রা -া রা | পা পা -া I গা -া রা | গা মা -া I গা রা -া | -া II
তো ম্ রা বোধ হ য় বি - শ্বাস্ এ টা - ক - র্চ্ছে না ক - মো টে - -
তো ম্ রা অ বা ক্ হ - চ্ছ বোধ হ য় ভা ব ছ এ স ব মি ছে - -
তো ম্ রা মু চ কি হা স ছ বোধ হ য় ভা ব ছ এ স ব মি ছে - -
তো ম্ রা ভা ব ছো ক - চ্ছি আ মি - মি - থ্যে ক থা - জা হি - র
স্বা মী - স্ত্রী তে - ঝ গ ড়া ক রে - বি - শু দ্ধ ইং - লি শে - -

II সা সা I ধ্ সা সা | -া সা সা | ধ্ সা সা | -া সা সা I সা -া গা | পা ধা -া I র্সা -া -া | -া -া -া I
কিন্তু এসব স - ত্যি - এ সব স - ত্যি - এ সব স - ত্যি ক থা - ভা ই - ---

র্সা -া র্সা | -া ধা ধা I পা -া পা | গা পা -া I গা -া গা | রা -া রা I সা -া -া | -া -া -া I
তো ম্ রা ও য দি দে খ তে তা লে - তো ম্ রাও ব ল্ তে তা ই - ---

ধ্ সা I সা সা -া | -া ধ্ সা I সা সা -া | -া গা -া I গা গা -া | রা -া রা I সা -া -া | -া -া -া I
এ ই ত ফা - ত্ এ ই ত ফা - ত্ এ ই ত ফা ত মা - ত্র ভা ই - ---

র্সা -া র্সা | ধা ধা -া I পা -া পা | গা পা -া I গা গা -া | রা রা -া I সা -া -া | -া -া -া I
আ র আ মা দে র্ স - ঙ্গে তা দে র বি শে ষ্ ত ফা ত্ না ই - ---

পূর্ণিমা-মিলন

তাল—ত্রিমাত্রিক

এটা নয় ফলার ভোজের নিমন্ত্রণ।
শুধু, আছে কিছু জলযোগ আর চায়ের মাত্র
আয়োজন।
সাহিত্যিক সব ছোট বড়, এইখানেতে হ'য়ে জড়,
সবাই, আনন্দে ও ভ্রাতৃভাবে করতে হবে কালহরণ।
হোক্ না ধনী, গরীব বড় ছোট সবার হেথা একাসন।
হেথায়, রবেনাকো ঐতিহাসিক গবেষণার কোন ক্লেশ;
হেথায়, হবেনাকো বক্তৃতা কি যুক্তিশূন্য উপদেশ;
আমরা, আসিনিক জারিজুরি করতে কোন
বাহাদুরি,

আমরা, আসিনিক করতে বিফল রাষ্ট্রনৈতিক
আন্দোলন।
হেথায়, নাইক করতালির মধ্যে কারো আত্ম-নিবেদন।
যাঁদের, আছে কিছু ভায়ের প্রতি, মাতৃভাষার
প্রতি টান;
তাঁদের করতে হবে পরস্পরে প্রীতিদান ও প্রতিদান।
হেথায়, অনত্যুচ্চ কলরবে মেলামেশা করতে হবে,
—শুনুন, এটা হচ্ছে সাহিত্যিকী পৌর্ণমাসী সম্মিলন,
—দোহাই, ধরবেন না কেউ হ'ল একটু অশুদ্ধ যা
ব্যাকরণ।

II গা গা মগা | রা সা রা I ন্‌া ন্‌া -া | সা -া রা I নসা
ফ লা র ভো জে র্ নি ম ন্ ত্র - - ন্

া সা | সা সা -া I গা গা মগা | রা সা রা I ন্‌া ন্‌া -া | সা -া রা I নসা ॥
০ এ টা ন য় ফ লা র ভো জে র নি ম ন্ ত্র - - ন্

সা সা I মা মা -া | মা মা -া I মা মপা ধা | পধপা মা গা I
শু ধু আ ছে - কি ছু - জ ল - যো গ্ আ র্

মা মা -া | মা -া পা I গা গা পা | মা -া পমা I
চা য়ে র্ মা - ত্র আ য়ো - জ - ন্

মা মা I মা ধা -া | ধা -া না I না র্সা -া | র্রা র্সা -া II
হে থায় সা হি - ত্যি ক্ সব ছো ট - ব ড় -
আম রা আ সি - নি ক - জা রি - জু রি -
হে থায় অ ন - ত্যু - চ্চ ক ল - র বে

না -া র্রা | র্সা র্সা র্র্সা I না র্সা নর্সনা | ধা পা I
এ ই খা নে তে - হ য়ে - জ ড়
ক র্ তে কো ন - বা হা - ভু রি
মে লা - মে শা - ক র তে হ বে

ম গা I মা ধা -া | ধা -া না I না -া র্সা | র্রা র্সা -া I না -া ধা | না র্সা -া I র্রা -া র্সা | র্সা
সবাই আ ন ন্ দে - ও ভ্রা - তৃ ভা বে - ক র্ তে হ বে - কা ল হ রণ
আমরা আ সি - নি ক - ক র তে বি ফ ল্ রা - ষ্ট্রী নৈ - তিক আ - ন্দো লন্
শুনুন্ এ টা - হ - চ্ছে সা হি - ত্যি কী - পৌ - র্ণ মা সী - স - ম্মি লন্

ধা ধা I র্সা র্সা না | র্সা র্সা র্রা I না র্সা নর্সনা | ধা পা -া I
হোক্‌না ধ নী - গ রী ব ব ড় - ছো ট -
হেথায় না ই ক ক র - তা লি র ম - ধ্যে
দোহাই ধ র বেন্ না কে উ হ ল - এ ক্ টু

র্সা র্সা না | ধা পা -া I মা মপা ধপা | মা গা মপা II
স বা র হে থা য় এ কা - স ন -
কা রো - আ - ত্ম নি বে - দ ন -
অ শু - দ্ধ যা - ব্যা ক - র ণ -

স সা I মা মা -া | মা মা -া I মা -া পধা | পধপা মা গা I
হেথায় র বে - না কো - ঐ - তি হা সি ক
যাঁদের আ ছে - কি ছু - ভা য়ে র প্র তি -

মা মা -া | মা মা পা I গা গা পা | মা মা পা I গমা গা -া | -া -া
গ বে - ব ণা র কো ন ও ক্লে - - - শ ০ ০ ০
মা - তৃ ভা ষা র প্র তি - টা - - - ন্ ০ ০ ০

মমা I মা -া মা | মা মা -া I ধা পা -া | মা গা -া I মগা -া গা | গা -া মা I রা গা পা | মা -া
হেথায় হ বে - না কো - ব - ক্তৃ তা কি - যু - ক্তি শূ - ন্য উ প - দে শ
তাঁদের ক র্ তে হ বে - প র - স্প রে - প্রী - তি দা ন ও প্র তি দা ন

সন্দেশ

তাল—ত্রিমাত্রিক

আহা সন্দেশ বুঁদে গজা মতিচুর রসকরা সরপুরিয়া ;
উহু, গড়েছ কি নিধি, দয়াময় বিধি, কত না বুদ্ধি !
করিয়া।
যদি দাও তাহা খালি—আঃ ! মদীয় বদনে ঢালিয়া ;—
উহু, কোথায় লাগে বা কোর্মা কাবাব, কোথায়
পোলাও কালিয়া ;—
উহু, খাই তাহা হ'লে চক্ষু মুদিয়া, চিৎ হইয়া, না
নড়িয়া।
আহা, ক্ষীর হ'ত যদি ভারত জলধি, ছানা হ'ত
যদি হিমালয়,
আহা, পারিতাম পিছু ক'রে নিতে কিছু সুবিধা
হয়ত মহাশয় ;
অথবা দেখিয়া শুনিয়া বেড়াতাম গুণ গুণিয়া,

আহা, ময়রা দোকানে মাছি হ'য়ে যদি—কি মজারি
হ'ত তুনিয়া ;
আহা, বেজায় বেদম বেমালুম তাহা খাইতাম হ'য়ে
'মরিয়া'।
ওহো, না রাখিত বাঁধি' সন্দেশ আদি, সংসারে
এই সমুদয়,
ওহো, হ'য়ে মুনি ঋষি, ছুটে কোন্ দিশি, যেতাম
হয়ত মহাশয় !
পেলাম না শুধু—হরি হে !—খাইতে হৃদয় ভরিয়ে ;
ওহো, না খেতেই যায় ভরিয়ে উদর, সন্দেশ থাকে
পড়িয়ে ;
ওহো, মনের বাসনা মনে র'য়ে যায়, চোখে ব'হে
যায় দরিয়া !

সা সা I সা রা গা | পা পা পা I পা ধা পা | ধা পধনধা পন্ধপা I
আ হা স - ন্দে শ বুঁ দে গ জা ম তি চূ র্

গা -া রা | সা সরা গা I রগা রা সা | -া ॥
স র্ ভা জা স র্ পু রি য়া -

পা পা I পা ধা র্সা | র্সা র্সা র্রর্সা I না র্সা না I ধা না ধা | পা ধা পা | পা -া পা I
উ হু গ ড়ে ছ কি নি ধি দ য়া ম য় বি ধি ক ত না বু - দ্ধি

পধা পধা নধা | পপা গরা সসা I
ক রি য়া - - - -

সসা I সা রা গা | গা গা গা I সরা গা -া | া া া I গা পা পা | পা ধা ধা I
যদি দা ও তা হা খা লি আ ঃ • • • • ম দী য় ব দ নে

পা ধা পধা | নধা পধা গপা I -া
ঢা লি য়া - - - -

পা পা I পা ধা র্সা | র্সা র্রা র্সা I না র্সা না | ধা না ধা I
উ হু কো থা য় লা গে বা কো র্ মা কা বা ব
আ হা ম য় রা দো কা নে মা ছি হ' য়ে য দি
ও হো না খে তে ই যা য় ভ রি য়ে উ দ র্

পা ধা র্গা | র্রা র্সা -া I র্সা র্সা র্সা | -া
কো থা য় পো লা ও কা লি য়া -
কি ম জা রি হ' ত ছু নি য়া -
স - ন্দে শ থা কে প ড়ি য়ে -

পা পা I পা ধা র্সা | র্সা র্সা র্রর্সা I না র্সা না | ধা না ধা I
উ হু খা ই তা হা হ লে চ - ক্ষু মু দি য়া
আ হা বে জা য় বে দ ম্ বে মা লু ম ত বে
ও হো ম নে র বা স না ম নে র' য়ে যা য়
আ হা পা রি তা ম্ পি ছু ক রে নি তে কি ছু
ও হো হ য়ে মু নি ঋ ষি ছু টে কো ন দি শি

পা ধা পা | -া পা পা I পধা পধা নধা | পপা গরা সসা I
চি ত্ হ ই য়া না ন ড়ি য়া - - - -
খা ই তা ম্ হ' য়ে ম রি য়া - - - -
চো খে ব' হে যা য় দ রি য়া - - - -
সু বি ধা হ য়্ ত ম হা শ - - - য়্
যে তা ম্ হ য়্ ত ম হা শ - - - য়্

সা সা I রগা মপা মা | গা গা রগা I সা গা গা | গা মা গমগা I
আ হা ক্ষী র্ হ' ত য দি ভা র ত জ ল ধি
য দি না রা খি ত বাঁ ধি স ন্ দে শ আ দি

রা গা রা | সা সা সরা I রা রা রা | -া
ছা না হো তো য দি হি মা ল য়
স ং সা রে এ ই স মু দ য়

পা ধা র্সা | র্সা র্সা র্সা I র্সা র্সা র্সা | -া -া -া I র্সা র্সা র্রা | -া র্রা -া I
অ থ বা দে খি য়া শু নি য়া - - - বে ড়া তা ম্ গু ণ্
পে লা ম্ না শু ধু হ রি হে - - - খা ই তে হৃ দ য়্

র্সর্রা র্সর্রা র্গর্রা | র্সনা ধপা ধা I
গুণি য়া - - - -
ভ রি য়ে - - - -

সুরা

তাল—ত্রিমাত্রিক

এ জীবনে ভাই একটুকু যদি বিমল আমোদ চাও
রে—
তা'লে, মাঝে মাঝে—মাঝে, মন রে আমার, ঢুকু
ঢুকু ঢুকু খাও রে।
এই, ভব মরুভূমে সুরা জলাশয়, ঝরে সুরা
পাকাবাড়ী ;
আর, মজারূপ বারাণসীতে যাইতে—সুরাই
রেলের গাড়ী রে ;
এই, জীবনটা ঘোর মেঘলা এবং গৃহিণীটি ঘোর
কালো ;
এই, ভবরূপ ঘোর অন্ধকারে এ সুরাই একটু
আলো রে।
আহা, হৃদিরূপ এই বাক্স খুলিতে সুরাই একটি
চাবি ;

আর, বোতল খুলিলে খুলিবে হৃদয়-তা অবশ্যম্ভাবী
রে !—
কোনো, থাকিবে না ভেদ পাত্রাপাত্র, হিতাহিত
বোধ—সেটা ;
আর, শিকল ছিঁড়িয়া বেরিয়া পড়িবে কামক্রোধ
দুই বেটারে।
তখন থাকিবে না কোনো চক্ষুলজ্জা, রবে না কারো
ওয়াস্তা,
আর, হবে পরিষ্কার সুপ্রশস্ত চুলোয় যাবার রাস্তা
রে ;
এই, শোক পরিতাপ মাঝে যদি চাও সে মহানন্দ
কিঞ্চিৎ,
তবে, মাঝে মাঝে মন কোরো রসনারে সুরাসুধারসে
সিঞ্চিত, বাবা।

II সা গা রা | গা গা -া I সা গা গা | গা মা গমগা I রা গা রা | সা সা রা I রা -া রা | -া পা পা I
এ জী ব নে ভা ই এ কৃ টু কু য দি বি ম ল আ মো দ্ চা ও রে - ত বে

পা ধা ধা | ধা ধা ধা I পা র্সা না | ধা না ধনধা I পা ধা পা | পা পা মপমা I রা মা গমগা | রা সা -া II
মা ঝে মা ঝে মা ঝে ম ন্ রে আ মা .র ঢু কু ঢু কু ঢু কু খা ও রে - - -

পা -া I পা পা পা | পা পা ধনর্সর্রা I র্সা র্সা র্সা | র্সা ধা র্সা I পা র্সা
এ ই ভ ব ম রু ভূ মে সু রা জ লা শ য়্ ঝ ড়ে

র্সা | না না র্সা I ধা ধনা র্রর্সা | নধা পা -া I পা ধা ধা | -া ধা না I পা র্সা না |
সু রা পা কা বা ড়ী - - আর্ ম জা রু প্ বা রা ণ সী তে

ধা না ধনধা I পা ধা পা | পা
যা ই তে সু রা ই রে

মপমা গা I রা মা গমগা | রা সা -া II
লে র্ গা ড়ী রে - - -

সা -া I সা গা রা | গা গা -া | সা গা গা | গা মা গমগা I রা গা রা | সা সা রা I রা রা -া | -া
এ ই জী ব ন্ টা ঘো র মে ঘ্ লা এ ব ঙ্ গৃ হি ণী টি ঘো র্ কা লো - -
আ হা হৃ দি রু প্ এ ই বা ক্ স্ খু লি তে সু রা ই এ কৃ টি চা বি - -
ত খন্ থা কি বে না কো ন চ - ক্ষু ল - জ্জা র বে না কা রো ও য়া স্তা - -

পা পা I পা ধা ধা | -া ধা -া I পা র্সা না | ধা না ধনধা I পা ধা পা |
আর এই ভ ব রু প্ ঘো র্ অ - ন্ধ কা রে এ সু রা ই
আর এই বো ত ল্ খু লি লে খু লি বে হৃ দ য়্ তা - অ
শি ক ল্ ছিঁ ড়ি য়া বে রি য়া প ড়ি বে কা ম ক্রো
আ র্ হ বে প রি ষ্কা র্ সু - প্র শ স্ত চু লো য়্

পা -া মগরা I রা মা গমগা | রা সা -া I
এ ক টু আ লো রে - - -
ব - শুম্ ভা বী রে - - -
ধ তু ই বে টা রে - - -
যা বা র রা স্তা রে - - -

পা পা I পা পা পা | পা ধনা র্সর্রা I র্সা -া র্সা | র্সা ধা র্সা I
কো নো থা কি বে না ভে দ্ পা - ত্রা পা ত্র -
এ ই শো ক প রি তা প্ মা ঝে য দি চা ও

পা র্সা র্সা | না না র্সা I ধা নর্সা র্রর্সা | নধা পমা পা I
হি তা হি ত বো ধ্ সে টা - - আ র
সে ম হা ন - ন্দ কি ঞ্চি - ত্ ত বে

পা ধা ধা | ধা ধা না I পা র্সা না | ধা না ধনধা I
মা ঝে মা ছে ম ন্ কো রো র স না রে

পা ধা পা | পা পা মপমা I রা মা গা | গা মগা রসা I
সু রা সু ধা র সে সি ঞ্চি ত বা বা

আমি যদি পীঠে তোর ঐ

তাল—পঞ্চমাত্রিক

আমি যদি পিঠে তোর ঐ, লাথি একটা মারিই রাগে;
—তোর ত আস্পর্ধা বড়, পিঠে যে তোর ব্যথা লাগে?
আমার পায়ে লাগ্‌লো সেটা—কিছুই বুঝি
নয়কো বেটা?
নিজের জ্বালায় নিজে মরিস্, নিজের কথাই
ভাবিস্ আগে।
লাথি যদি না খাবি ত' জন্মেছিলি কিসের জন্যে?
আমি যদি না মারি তো, মেরে সেটা যাবে অন্যে!
আমার লাথি খেয়ে কাঁদা,—ন্যাকামি নয়?
শূয়োর গাধা!
—দেখ্‌ছি যে তোর পিঠের চামড়া ভ'রে গেছে
জুতোর দাগে!

আমার সেটা অনুগ্রহ—যদি লাথি মেরেই থাকি;—
লাথি যদি না মারতাম তো না মারতেও
পারতাম না কি?
লাথি খেয়ে ওরে চাষা! বরং রে তোর উচিত হাসা,
যে তোর কথাও মাঝে মাঝে, তবু আমার মনে জাগে।
বরং উচিত—আগে আমার পায়ে হাত তোর
বুলিয়ে দেওয়া;
পরে ধীরে ধীরে নিজের পিঠের দাগটা মুছে নেওয়া!
—পরে বলা ভক্তিভরে,—"প্রভু! অনুগ্রহ ক'রে
পৃষ্ঠে ত মেরেছো—লাথি মারো দেখি পুরোভাগে!
—দেখি সেটা কেমন লাগে।"

II

II মা মপদপা মগা মা গা I মা মা পা পা -া I দা দা দা -া ণদা I পা পণা দা পা দপা I
আ মি য - দি পি ঠে তোর ঐ - লা থি এ ক্ টা মা রিই রা গে -
লা থি য - দি না খা বি ত - জ ন্মে ছি লি - কি সের জ ন্যে -
আ মা র সে - টা অ নু গ্র হ - য দি লা থি - মে রেই থা কি -
ব র ও্ উ - চিত্ আ গে আ মা র্ পা য়ে হা ত্ তোর্ বু লিয়ে দেও য়া -

না -া না না -া I র্সা র্সা র্সা র্সা -া | ঋা ঋা ঋা র্সা -া I না র্সনা দা পা দা I
তো র্ তো আ - স্প র্ধা ব ড় - পি ঠে যে তোর - ব্য থা লা গে -
আ মি য দি - না মা রি - ত' মে রে সে টা - যা বে অ ন্যে -
লা থি য দি - না মার তা ম্ ত না মার তে ও - পার তাম না কি -
প রে ধী রে - ধী রে নি জে র পি ঠের দাগ্ টা - মু ছে নেও য়া -

পা দা না না -া I র্সা র্সা র্সা র্সা -া I জ্ঞা জ্ঞা ঋা র্সা -া I না র্সনা দা পা -া I
আ মার পা য়ে - লাগ্ ল সে টা - কি ছুই বু ঝি - নয়্ কো বে টা -
আ মার লা থি - খে য়ে কাঁ দা - ন্যা কা মি ন য়্ শু য়োর গা ধা -
লা থি খে য়ে - ও রে চা ষা - ব রং রে তোর উ চিত্ হা সা -
প রে ব লা - ভ ক্তি ভ রে - প্র ভু অ নু - গ্র হ ক রে -

র্সা র্সনা র্সা র্সা র্রসা I না র্সনা দা পা -া I মা গা মা মা পা I গা মগা ঋা সা -া II
নি জের্ জ্বা লা য় নি জে ম রি স নি জের্ ক থা ই ভা বিস্ আ গে -
দেখ্ ছি যে তো র্ পি ঠের চাম্ ড়া - ভ রে গে ছে - জু তোর্ দা গে -
যে তোর্ ক থা ও মা ঝে মা ঝে - ত বু আ মা র্ ম নে জা গে -
পৃ ষ্ঠে ত' মে - রে ছো লা থি - মা রো দে খি - পু রো ভা গে -

বেশ করেছো

তাল – চতুর্মাত্রিক

রাজা। কালিচরণ করত বড় বীরত্বেরই বড়াই,
পারিষদবর্গ। বুঝি গাঁজায় দিয়ে দম—
রাজা। দেখ্‌লে সে দিন আমার সঙ্গে করতে
এল লড়াই ;
পারিষদবর্গ। বেটার আস্পর্ধা নয় কম।
রাজা। আমি বললাম তবে রে বেটা, আয় না দেখি
তবে রে বেটা !
—পরে যখন ধ'রে আমায় ক'রে দিল জুতোপেটা ;
দেখ্‌লাম, বেটা আমার হাতে মরে বুঝি এবার
যোগাড় ক'রেও তুলেছিলাম দুই এক ঘা দেবার।
বেটা ত সে খোঁজ রাখে না,
রাগ্‌লে আমার জ্ঞান থাকে না,
কিন্তু রাগটা সাম্‌লে নিলাম অনেক কষ্টে সেবার।
পারিষদবর্গ। বেশ ক'রেছো, বেশ ক'রেছো,
নহিলে অন্ততঃ
একটা খুন খারাপি হ'ত, একটা খুন খারাপি হ'ত।
রাজা। কেদার বেটা সাধু ব'লে সহরে ঢাক পেটায়,
পারিষদবর্গ। হেঁ হেঁ বেটা আদত চোর।
রাজা। নিইছিলাম তার হাজার টাকা
চাইতে এল সেটায় ;
পারিষদবর্গ। বেটা বোধ হয় গুলিখোর।
রাজা। আমি বললাম তবে রে বেটা, আয় না দেখি
তবে রে বেটা ;
কে কে কে তোর টাকা জানে,
তো তো তো তোর সাক্ষী কেটা ?
কর না গিয়ে মকর্দমা—I do not care a
feather,
মুখখানি ত চূণটি ক'রে ফিরে গেল কেদার।
টাকা নিয়ে করবে সে কি ? টাকাগুলো সব শেষে কি
গাঁজা গুলি খেয়ে, বেটা উড়িয়ে দেবে দেদার ?
পারিষদবর্গ। বেশ ক'রেছো, বেশ ক'রেছো,
সে টাকা নিশ্চিত,
বেটা সব উড়িয়ে দিত, বেটা সব উড়িয়ে দিত।
রাজা। নিত্যানন্দ, বিদ্বান্ ব'লে করতে চায় সে প্রমাণ ;
পারিষদবর্গ। সে কি আবার একটা লোক !
রাজা। করতে এল তর্ক সে দিন আমার সঙ্গে সমান,
পারিষদবর্গ। বেটা নিরেট আহাম্মক।
রাজা। আমি বললাম তবে রে বেটা, আয় না দেখি
তবে রে বেটা,
আমি একটা philosopher, গাধা শুয়োর
জানিস্ সেটা,
ব'লে দু'ঘা পিঠে লাঠি বসিয়ে দিলাম চটাং,
লাঠি খেয়ে প'ড়ে গেল বেটা ত চিৎপটাং।
আমার সঙ্গে সে পারে কি,
তর্কের বেটা ধার ধারে কি,
তখন তর্কে হার মেনে সে পালিয়ে গেল সটাং।
পারিষদবর্গ। বেশ ক'রেছো, বেশ ক'রেছো,
তর্কেতে বস্তুত
সেরা প্রমাণ লাঠির গুঁতো, সেরা প্রমাণ
লাঠির গুঁতো।

সা রা সা রা | সা রা সা রা I গা পা গা রা | মা গা
কা লি চ রণ্ কর্ ত ব ড় বী র ত্বের ই ব ড়াই
কে দার্ বে টা সা ধু ব' লে স হ রে ঢাক্ পে টায়্
নি ত্যা ন ন্দ বি দ্বান্ ব লে ক র্তে চায়্ সে প্র মাণ্

সা সা I সা সা রা গা | রা -া সা সা I সা সা রা গা | রা -া -া -া I
বু ঝি গাঁ জায় দি য়ে দ ম্ বু ঝি গাঁ জায় দি য়ে দ ম্ - -
বে টার্ আ স্প র্ধা নয়্ ক ম্ বে টার্ আ স্প র্ধা নয়্ ক ম্ - -
হেঁ হেঁ বে টা আ দত্ চো র্ হেঁ হেঁ বে টা আ দত্ চো র্ - -
বে টা বোধ্ হয়্ গু লি খো র্ বে টা বোধ্ হয়্ গু লি খো র্ - -
সে কি আ বার্ এক্ টা লো ক্ সে কি আ বার্ এক্ টা লো ক্ - -
বে টা নি রেট্ আ হা ম্ম ক্ বে টা নি রেট্ আ হা ম্ম ক্ - -

র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I না না ধা ধা | পা পা -া -া I
দেখ্ লে সে দিন্ আ মার্ স ঙ্গে কর্ তে এ ল ল ড়াই - -
নিই ছি লাম্ তার্ হা জার্ টা কা চাই তে এ ল সে টায়্ - -
ক র্তে এ ল ত র্ক সে দিন্ আ মার্ স ঙ্গে স মান্ - -

সা সা সা সা | ধ্সা সা সা সা I ধ্ সা সা সা | ধ্সা সা ধ্ সা I
আ মি ব ল্লাম্ তবে রে বে টা আয়্ না দে খি তবে রে বে টা

গা গা গা গা | গা গা মা গা I রা রা গা ক্ষা | পা পা পা পা I
প রে য খন্ ধ রে আ মায়্ ক' রে দি ল জু তো পে টা
কে কে কে তোর্ টা কা জা নে তো তো তো তোর্ সা ক্ষী কে টা
আ মি এক্ টা ফি ল জ ফার গা ধা শু য়োর্ জা নিস্ সে টা

র্সা র্সা র্সা র্সা | না না ধা পা I না না ধা পা | মা মা -া -া I
দেখ্ লাম্ বে টা আ মার্ হা তে ম রে বু ঝি এ বার্ - -
কর্ না গি য়ে ম ক র্দ মা আই ডোন্ ট কেয়া রে ফে দার্ - -
ব' লে দু ঘা পি ঠে লা ঠি বসি য়ে দি লাম্ চ টাং - -

গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মা | গা রা -া -া I
ষো গাড়্ক রেও তু লে ছি লাম্ ছুই এ ক্ ঘা দে বার্ - -
মুখ্ খা নি ত চুণ্ টি ক রে ফি রে গে ল কে দার্ - -
লা ঠি খে য়ে বে টা প ড়ে গে ল ত চিৎ প টাং - -

ধ্‌া সা ধ্‌া সা | ধ্‌া সা ধ্‌া সা I গা মা গা রা | গা ধা ধা ধা I
বে টা তো সে খোঁজ রা খে না রাগ্ লে আ মার জ্ঞান্ থা কে না
টা কা নি য়ে ক র্বে সে কি টা কা গু লো সব্ শে ষে কি
আ মার্ স ঙ্গে সে পা রে কি ত র্কের বে টা ধার ধা রে কি

র্সা র্সা ধা ধা | পা পা গা পা I গা রা গা মা | গা রা -া -া I
কি স্তু রাগ্ টা সাম্ লে গে লাম্ অ নেক্ ক ষ্টে সে বার - -
গাঁ জা গু লি খে য়ে বে টা উ ড়িয়ে দে বে দে দার - -
ত খন্ ত র্কে হার মে নে সে পা লিয়ে গে ল স টাং - -

ধ্‌সা সা সা সা | ধ্‌সা সা সা সা I ধ্‌া সা সা রা | রা রা -া -া I
বেশ্ ক রে ছো বেশ্ ক রে ছো ন হি লে অ ন্তু তঃ এক্ টা
" " " " " " " " সে টা কা নি শ্চি ত বে টা
" " " " " " " " ত র্কে তে ব স্তু তঃ সে রা

র্সা র্সা ধা ধা | পা পা গা পা I গা রা গা মা | গা রা -া -া I
খুন্ খা রা পি হ' ত এক্ টা খুন্ খা রা পি হ' ত - -
সব্ উ ড়ি য়ে দি ত বে টা সব্ উ ড়ি য়ে দি ত - -
প্র মাণ্ লা ঠির গুঁ তো সে রা প্র মাণ্ লা ঠির গুঁ তো - -

হ'তে পারতাম

তাল—চতুর্মাত্রিক

রাজা। দেখ, হ'তে পারতাম নিশ্চয় আমি মস্ত একটা বীর—
কিন্তু গোলাগুলির গোলে কেমন মাথা রয়না স্থির;
আর ঐ বারুদটারি গন্ধ কেমন করি না পছন্দ ;
আর সঙীন খাড়া দেখলেই মনে লাগে একটা ধন্দ ;
খোলা তলোয়ার দেখ্‌লেই ঠেকে যেন শিরোহীন এ স্কন্ধ ;
তাই বাক্যে বীরই হ'য়ে রৈলাম আমি চটে' মটেই ত—
তা নইলে খুব এক বড়—

পারিষদবর্গ। হাঁ তা বটেই ত, তা বটেই ত।

রাজা। দেখ, হতে পারতাম আমি একটা প্রত্নতত্ত্ব-বিৎ—
কিন্তু 'গবেষণা' শুন্‌লেই হয় আতঙ্ক উপস্থিত;
আর দেশটাও বেজায় গরম, আর বিছানাও বেশ নরম,
আর তাও বলি প্রেয়সির সে হাসিটুকু চরম।
আর তাঁকে চর্চা ক'ল্লেও একটু কাজও দেখে বরং।
তাই স্ত্রীতত্ত্ববিৎ হ'য়ে রৈলাম আমি চটে' মটেই ত, —
তা নইলে বেশ এক বড়—

পারিষদবর্গ। হাঁ তা বটেই ত' তা বটেই ত।

রাজা। দেখ, হ'তে পারতাম নিশ্চয় একজন উঁচু-দরের কবি—
কিন্তু লিখ্‌তে বস্‌লেই অক্ষরগুলো গর্‌মিল হয় যে সবই ;
আর ভাষাটাও, তা ছাড়া, মোটেই বেঁকে না, রয় খাড়া ;
আর ভাবের মাথায় লাঠি মারলেও দেয়নাক সে সাড়া ;
ছাই হাজারই পা তুলোই, গোঁফে হাজারই দেই চাড়া ;
তাই নীরব কবি হ'য়ে রৈলাম আমি চটে, মটেই ত,—
তা নইলে খুব এক উঁচু—

পারিষদবর্গ। হাঁ তা বটেই ত, তা বটেই ত।

রাজা। দেখ, হ'তে পারতাম রাজনৈতিক বক্তাও অন্ততঃ —
কিন্তু দাঁড়াইলেই হয় স্মরণশক্তি অবাধ্য স্ত্রীর মত ;
আর মুখস্থ সব বুলি এমন বেজায় যায় সব ঘুলিয়ে ;
আর সুযোগ পেয়ে রুখে দাঁড়ায় বিদ্রোহী ভাব-গুলি হে ;
তা হাজার কাশি, আদর করি দাড়িতে হাত বুলিয়ে,
তাই রইলাম বৈঠকখানাবক্তা আমি চটে' মটেই ত ;—
তা নইলে খুব এক ভারি—

পারিষদবর্গ। হাঁ তা বটেই ত, তা বটেই ত।

রাজা। দেখ, ক্ষমতাটা ছিলনাক সামান্য বিশেষ ;
কেবল প্রথম একটা ধাক্কা পেলেই চ'লে যেতাম বেশ ;
হ'তাম পেলে সুযোগও বুঝি একটা যেও সেও
ওই কেষ্ট বিষ্টুর মধ্যে একটা হ'তাম নিঃসন্দেহ ;
কিন্তু প্রথম সে ধাক্কাটা আমায় দিলেনাক কেহ ;
তাই যা ছিলাম তাই র'য়ে গেলাম আমি চটে' মটেই ত,—
তা নৈলে—বুঝ্‌লে কিনা,—

পারিষদবর্গ। হাঁ তা বটেই ত, তা বটেই ত।

সসা I সা রা সা রা | সা রা সা রা I গা পা গা রা | মা গা -া
দেখ হ' তে পার তাম্ নি শ্চয়্ আ মি ম স্ত এক্ টা বী র -
দেখ হ' তে পার তাম্ আ মি এক্ টা প্র ত্ন ত ত্ত্ব বি দ্ -
দেখ হ' তে পার তাম্ নি শ্চয়্ এক্ জন্ উঁ চু দ রের্ ক বি -
দেখ হ' তে পার তাম্ রা জ নৈ তিক্ ব ক্তা ও অ ন্ত তঃ -
দেখ ক্ষ ম তা টা ছি ল না ক সা মা ন্য বি শে ষ -

গগা I গা গা গা মগা | রা রা পা পা I গা রা গা মগা | রা -া -া
কিন্তু গো লা গু লির্ গো লে কে মন্ মা থা রয় না স্থি র্ -
কিন্তু গ বে ষ ণা শুন্ লেই হয়্ আ ত ঙ্ক উ প স্থি ত্ -
কিন্তু লিখ্ তে বস্ লেই অ ক্ষর্ গু লো গর্ মিল্ হয় যে সব্ ই -
কিন্তু দাঁ ড়া লেই হয়্ স্ম রণ্ শ ক্তি অ বা ধ্য স্ত্রীর্ ম ত -
কেবল্ প্র থম্ এক্ টা ধা ক্কা পে লেই চ' লে যে তাম্ বে শ্ -

সসা I ধসা সা সা সা | ধসা সা সা সা I ধ্া সা সা রা | রা রা -া
আর্ ঐ বা রুদ্ টা রি গ ন্ধ কে মন্ ক রি নে প ছ ন্দ -
আর্ দেশ্ টা ও বে জায়্ গ রম্ আর বি ছা নাও বেশ ন রম্ -
আর্ ভা ষা টা ও তা ছা ড়া মো টেই বেঁ কে না রয় খাড়া -
আর্ মু খ স্থ সব বু 'ল এ মন্ বে জায় যায় সব ঘুলি য়ে -
হ' তাম্ পে লে সু যোগও বু ঝি এক্ টা যে ও সে ও -

রা I র্সা র্সা ধা ধা | পা পা গা পা I গা রা গা মা | গা রা -া
আর্ স ঙ্গীন্ খা ড়া দেখ্ লেই ম নে লা গে এক্ টা ধ ন্দ -
আর্ তা ও ব লি প্রে য় সীর্ সে হা সি টু কু চ রম্ -
আর্ ভা বের্ মা থায়্ লা ঠি মার্ লেও দেয়্ না ক সে সা ড়া -
আর্ সু যোগ্ পে য়ে রু খে দাঁ ড়ায়্ বি দ্রো হী ভাব্ গুলি হে -
ওই কে ষ্ট বি ষ্টুর ম ধ্যে এক্ টা হ' তাম্ নিঃ স ন্দে হ -

সসা I সসা সা রা রা | গা গা মা মা I পা পা ধা ধা | না পা -া
খো লা তরো য়াল্ দেখ লেই ঠে কে যে ন শি রো হীন এ স্ক ন্ধ -
আর্ তাঁ কে চ র্চা কর লে এক্ টু কাজ ও দে খে ব রং -
ছাই হা জার্ ই পা চু লোই গোঁ ফে হা জার ই দেই চা ড়া -
তা হা জার কা শি আ দর ক রি দা ড়ি তে হাত বু লিয়ে -
কিন্তু প্র থম্ সে ধা ক্কা টি আ মায় দি লে না ক কে হ -

পা -া I র্সা র্সা র্সা র্সা | না না ধা ধা I পা না ধা না | ন্ধা ধা পা র্সা I
তা ই বা ক্যে বী রি হো য়ে রই লাম আ মি চো টে মো টেই তো -তা
তা ই স্ত্রী ত স্ব বিৎ হো য়ে রই লাম আ মি চো টে মো টেই তো -তা
তা ই নী রব ক বি হো য়ে রই লাম আ মি চো টে মো টেই তো তা
তা ই রই লাম বৈ ঠক খা না ব ক্তা আ মি চো টে মো টেই তো -তা
তা ই যা ছি লাম তাই রো য়ে 'গে লাম আ মি চো টে মো টেই তো -তা

র্সা র্সা ধা ধা | পা পা গা পা I গা পা গা রা | ন্া রা সা -া I
নৈ লে খুব এক ব ড়ো হাঁ তা ব টেই তো তা ব টেই তো —
নৈ লে বেশ এক ব ড়ো হাঁ তা ব টেই তো তা ব টেই তো —
নৈ লে খুব এক উঁ চু হাঁ তা ব টেই তো তা ব টেই তো —
নৈ লে খুব এক ভা রি হাঁ তা ব টেই তো তা ব টেই তো —
নৈ লে বুঝ লে কি না হাঁ তা ব টেই তো তা ব টেই তো —

বসন্ত-বর্ণনা

দেখ্ সখি দেখ্ চেয়ে দেখ্ বুঝি শিশির হইল অন্ত।
বুঝি বা এবার টেঁকা হবে ভার সখিরে এল বসন্ত।
বহিছে মলয় আকুলি বিকুলি, রাস্তায় তাই উড়ে যত ধূলি।
—এ সময় হায় বিরহিনীগুলি কেমনে রবে জীবন্ত।

ঝর ঝর ঝর কুলু কুলু কুলু বহে ঘাম সব গাত্রে,
ভন্‌ভনে মাছি দিনের বেলায়, শন শনে মশা রাত্রে ;
ডাকিছে কোকিল কুহু কুহু কুহু গুঞ্জরে অলি মুহু মুহু মুহু
বাঁচিনে বাঁচিনে উহু উহু উহু হিহি হুহু হাহা হন্ত।

দেখ্ সখি দেখ্ বাজারেতে বুঝি ঘি দুধ হইল সস্তা
কিনে আন্ খেয়ে লঘু ক'রে নিই বিরহের ভারি বস্তা।
স্মরণে যে ধারা বহে রসনায়, কি করি কি করি বাঁচা হল দায়
ভাঁড়ার ঘরটা আয় তবে আয় ক'রে আসি লো তদন্ত।

পতি কাছে নাই, পতি বিনা আর কে আছে নারীর সম্বল,
কাঁচা আম ছুটো পেড়ে আন্ সখি গুড় দিয়ে রাঁধি অম্বল।
হেরি যে বিশ্ব শূন্যময় ; নে খেয়ে নিয়ে শুই বিরহ শয়নে,
পড়ি গে অর্ধ-মুদিত-নয়নে গোলেব কাওলি গ্রন্থ।

নিয়ে আয় সখি বরফ—নহিলে মরি এ মলয় বাতাসে,
নিয়ে আয় পাখা—এল নাক পতি আজ যে মাসের সাতাশে
নিয়ে আয় পান, তাস আন ছাই—বিরহের এত জ্বালা—ম'রে যাই।
দাঁড়াইয়ে কেন হাসিস্ লো ছাই বাহির করিয়ে দন্ত।

ত্রিমাত্রিক

II র্সা -া র্সা | র্সা র্সা র্র্সা I না র্সা না | ধা পা পা I পা না না |
দে খ্ স খি দে খ্ চে য়ে দে খ বু ঝি শি শি র

ধা পা ধা I মা পা মগা | -া -া -া I মা মা মা | মা পমা গা I
হ ই ল অ ন্ ত - - - বু ঝি বা এ বা র

মা ধা না | র্সা র্সা -া I র্সা র্গা র্গা | র্রা র্সা র্রা I না র্সা না | ধা মা ধা II
টেঁ কা হ বে ভা র স খী রে এ লো ব স ন্ ত - - -

মা ধা ধা | ধা ধা না I না র্সা র্সা | র্সা র্সা র্সা I না র্সা না |
ব হি ছে ম ল য় আ কু লি বি কু লি রা স্ তা
ডা কি ছে কো কি ল কু হু কু হু কু হু শু ন্ জ
হে রি যে বি - শ্ব শূ - ন্য ম য় নে খে য়ে নি
নি য়ে আ য় পা ন তা স আ ন ছা ই বি র হে

ধা ধা -া I মা ধা না | না না না I মা মা মা | মা পা মগা I
য় তা ই উ ড়ে য ত ধূ লি এ স ম য়ে হা য়
রে অ লি মু হু মু হু মু হু বাঁ চি নে বাঁ চি নে
য়ে শু ই বি র হ শ য় নে প ড়ি গে অ র্ ধ
র এ ত জ্বা লা ম রে যা ই দাঁ ড়া ই য়ে কে ন

মা ধা না | র্সা র্সা র্সা I র্সা র্গা র্গা | র্রা র্স র্রা I না র্সা না |
বি র হি নী গু লি কে ম নে র বে জী ব ন্ ত
উ হু উ হু উ হু হি হি হু হু হা হা হ ন্ ত
মু দি ত ন য় নে গো লে ব কা ও লি গ্র ন্ থ
হা সি স লো ছা ই বা হি র ক রি য়ে দ ন্ ত

ধা মা ধা II
- - -
- - -
- - -
- - -

সা সা মা | মা মা মা I মা মা মা | মা মা মা I মা -া মা | মা মা পা I
ঝ র ঝ র ঝ র কু লু কু লু কু লু ঘা ম ব হে স ব
দে খ স খি দে খ বা জা রে তে বু ঝি ঘি ডু ধ হ ই ল
প তি কা ছে না ই প তি বি না আ র কে আ ছে না রী র
নি য়ে আ য় স খি ব র ফ ন হি লে ম রি যে ম ল য়

গা পা মা | -া -া পমা I মা -া মা | মা পা মগা I মা ধা -া |
গা - ত্রে - - - ভ ন ভ নে মা ছি দি নে র
স স্ তা - - - কি নে আ ন্ খে য়ে ল ঘু ক'
স ম্ ব - - ল কাঁ চা আ ম ডু টো পে ড়ে আ
বা তা সে - - - নি য়ে আ য় পা খা এ লো না

না র্সা -া | মা -া মা | মা মা পা I গা পা মা | -া -া -া I
বে লা য় শ ন শ নে ম শা রা - ত্রে - - -
রে নি ই বি র হে র ভা রি ব স তা - - -
ন স খি গু ড় দি য়ে রাঁ ধি অ ম্ ব - - ল
ক প তি আ জ যে মা সে র সা তা শে - - -